কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ১৫ কলকাতা বুধবার, ১০ নভেম্বর ২০২১/১ [illegible]

কলকাতা পুলিশে
সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

# রাজ্যের সরকারি হাসপাতালে ৬৩০৮

## স্টাফ নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট, ডেন্টাল টেকনিশিয়ান

স্টাফ নার্স গ্রেড-টু, মেডিক্যাল টেকনিশিয়ান, ডেন্টাল টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ৬,৩০৮ জনকে নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। এখন অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

শূন্যপদের বিবরণ: বিজ্ঞপ্তি নম্বর R/Staff Nurse,Gd-II/12/2021: **স্টাফ নার্স গ্রেড-টু**: ৩,৯৭৪টি। মহিলা: মোট শূন্যপদ ৩৫৭৭টি (সাধারণ ১১০৮, তফসিলি জাতি ১২৫৫, তফসিলি উপজাতি ৩৬৩, ও বি সি-এ ৬৬৮, ও বি সি-বি ১৭০, দৈহিক প্রতিবন্ধী ১৩)। পুরুষ: মোট শূন্যপদ ৩৯৭টি (সাধারণ ১২৪, তফসিলি জাতি ১৪০, তফসিলি উপজাতি ৪০, ও বি সি-এ ৭৪, ও বি সি-বি ১৮, দৈহিক প্রতিবন্ধী ১))।

**শিক্ষাগত যোগ্যতা**: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল ও পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত হতে হবে। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা বা নেপালি লিখতে ও বলতে জানতে হবে।

**বয়স**: ১-১-২০২১ তারিখে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে।

**বেতন**: ২৯,৮০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

বিজ্ঞপ্তি নম্বর R/Staff Nurse,Gd-II/08/2021: **স্টাফ নার্স-গ্রেড টু**: ২,১৪০টি। শুধু মহিলারাই আবেদন করবেন। **শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী শূন্যপদ: বেসিক বি এসসি নার্সিং**: মোট শূন্যপদ ২০৩১ (সাধারণ ৬৩০, তফসিলি জাতি ৭১১, তফসিলি উপজাতি ২০৬, ও বি সি-এ ৩৭৮, ও বি সি-বি ৯৬, দৈহিক প্রতিবন্ধী ৮)। **পোস্ট বেসিক বি এসসি নার্সিং**: মোট শূন্যপদ ১০৮ (সাধারণ ৩০, তফসিলি জাতি ৪০, তফসিলি উপজাতি ১২, ও বি সি-এ ২১, ও বি সি-বি ৫))।

এরপর দুয়ের পাতায়

### রাজ্য স্বাস্থ্য দপ্তরে

## ৩০০০ কমিউনিটি হেলথ অফিসার

৩০০০ কমিউনিটি হেলথ অফিসার [illegible] ২০২১/২৩৬.

[illegible]

এরপর তিনের পাতায়

# ডাক বিভাগে খেলোয়াড়

ভারতীয় ডাক বিভাগের অন্ধ্রপ্রদেশ সার্কলের বিভিন্ন ডিভিশনে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ৩০ জন খেলোয়াড় নিয়োগ করা হবে। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট পোস্ট অফিস, সার্কল অফিস বা রিজিওনাল অফিস এবং সেভিংস ব্যাঙ্ক কন্ট্রোল অর্গানাইজেশনে এবং সর্টিং অ্যাসিস্ট্যান্ট রেলওয়ে মেল সার্ভিসে নিয়োগ করা হবে। প্রথমে ২ বছরের প্রবেশন। পদ ও নিয়মানুসারে ট্রেনিং হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WLF/Sports Rectt/2021.

এরপর তিনের পাতায়

### আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে

# ৫ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১৮২৮ স্পেশ্যালিস্ট অফিসার

## অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ২৬ ডিসেম্বর

দেশের ৫টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১,৮২৮ জন স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং ব্যাঙ্কস' (সি আর পি এস পি এল-১১)' নেওয়া হবে ডিসেম্বর-জানুয়ারি মাসে। প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ২৬ ডিসেম্বর। মেন পরীক্ষা ৩০ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

আই বি পি এসের এই পরীক্ষায় সফল হলে স্কোর কার্ড পাবেন। ইস্যুর দিন থেকে ১ বছর এই স্কোর কার্ড বৈধ থাকবে।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক এই লিখিত পরীক্ষায় সফল হলে যে ৫টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে নিয়োগের প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন সেগুলি হল: ব্যাঙ্ক অব ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইউকো ব্যাঙ্ক এবং ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এসের লিখিত পরীক্ষাটি নেওয়া হবে এই সব পদের জন্য: আই টি অফিসার, এগ্রিকালচারাল ফিল্ড অফিসার, রাজভাষা অধিকারী, ল অফিসার, এইচ আর/পার্সোনেল অফিসার, মার্কেটিং অফিসার।

পদ অনুসারে শূন্যপদের বিন্যাস: **আই টি অফিসার (স্কেল-ওয়ান)**: মোট

এরপর দুয়ের পাতায়

# গুয়াহাটি এইমসে ১৬২

[illegible] ১৬২ জন [illegible]

[illegible]

এরপর [illegible] পাতায়

# রোজগারের পথ দেখাচ্ছে জাপানি কোয়েল চাষ

**জাপানি কোয়েল পাখির মাংস ও ডিম স্বাদে এবং পুষ্টিগুণে হাঁস-মুরগির তুলনায় উচ্চ মানের। সেজন্য বাজারেও এর চাহিদা ক্রমশ বাড়ছে। পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে আয়োজিত জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ নিয়ে অনেকেই এ পাখির চাষ করছেন। উৎপাদিত ডিম-মাংস কিনে নেয় সরকারের হরিণঘাটা মিট প্ল্যান্ট। প্রশিক্ষণ নিয়ে যে-কেউ এই ব্যবসা করে স্বনির্ভর হতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি**: বাংলায় জাপানি কোয়েলের মাংসের চাহিদা সম্প্রতি অনেকটাই বেড়েছে। বাজার সমীক্ষা অনুযায়ী, বিশেষ করে শীতকালে এই মাংসের চাহিদা বেড়ে যায়। পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ তাদের স্টল থেকে জাপানি কোয়েলের মাংস বিক্রি করে। প্রাণীসম্পদ উন্নয়নেরই অধীনস্থ হরিণঘাটা মিট প্ল্যান্টেরও রাজ্যের বিভিন্ন জায়গায় দোকান আছে। হিসাব বলছে, প্রতি বছর প্রায় দুই থেকে আড়াই টন কোয়েলের মাংস বিক্রি হয়। তবে, বাজারে চাহিদা থাকলেও হাঁস-মুরগির পোল্ট্রিতে অভ্যস্ত বাঙালি ব্যবসায়ীরা এখনও ব্যাপক হারে জাপানি কোয়েলের মাংসের উৎপাদনে অনেকটাই পিছিয়ে। এই পরিস্থিতিতে জাপানি কোয়েল চাষ করে বাজার ধরার বড় সুযোগ রয়েছে।

গবেষণায় দেখা গিয়েছে, জাপানি কোয়েলের ডিম ও মাংসে প্রোটিনের পরিমাণ হাঁস-মুরগির তুলনায় বেশি। অথচ ফ্যাট বা স্নেহ জাতীয় পদার্থ কম। ফলে, যাঁদের উচ্চ রক্তচাপ আছে তাঁদের জন্য জাপানি কোয়েলের ডিম ও মাংস বিশেষ উপকারী। এই পাখির মাংস শরীরে কোলেস্টেরল বাড়তে দেয় না। খাদ্যগুণ যথেষ্ট থাকায় শিশুদের মস্তিষ্কের বিকাশে সহায়তা করে, গর্ভবতী মায়েদের সুষম খাদ্য হিসাবেও তা খুবই উপকারী।

জাপানি কোয়েল চাষে রাজ্য সরকারও উৎসাহ দিচ্ছে। সরকারি উদ্যোগে বেকার যুবক-যুবতীদের, বিশেষ করে দরিদ্র পরিবারের মহিলাদের জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগের সঙ্গে যোগাযোগ করে মাংস ও ডিম বিক্রিও করা যায়। তবে মনে রাখবেন বুনো কোয়েল,



যার নাম তিতির, তার প্রতিপালন কিন্তু নিষিদ্ধ। শুধুমাত্র জাপানি কোয়েল প্রতিপালন করা যায়।

### জাপানি কোয়েল চাষের নিয়ম

জাপানি কোয়েল চাষে ঝুঁকি কম। প্রতিটি জাপানি কোয়েল বছরে প্রায় ২৮০টি ডিম দেয়। এদের মুরগির মতো কোনও টিকা দিতে হয় না। নিজস্ব রোগ প্রতিরোধ ক্ষমতা এদের বেশি।

৮০ হাজার থেকে ১ লক্ষ টাকা পুঁজি নিয়ে জাপানি কোয়েল চাষের ব্যবসা শুরু করা যায়। শুরু থেকেই শেড, ইনকিউবেটর, লোহা ও তারের খাঁচা প্রয়োজন হবে। অন্তত ১০০টি পাখি দিয়ে ব্যবসা শুরু করতে পারেন। একটি জাপানি কোয়েল পাখির পূর্ণ মাপের হতে সময় লাগে ৬ থেকে ৭ সপ্তাহ। তার পরেই ডিম দেবে পাখি। ১৬ থেকে ১৮ দিন লাগে ডিম ফুটতে। পুরুষ জাপানি কোয়েল ৬ সপ্তাহ পরেই মাংস হিসেবে বিক্রি করা যায়। কোয়েলের সদ্যোজাত বাচ্চার ওজন হয় মাত্র ৫ থেকে ৭ গ্রাম। প্রতিপালনের ক্ষেত্রে এ সময়টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। খাঁচা বা লিটার দুভাবেই জাপানি কোয়েল চাষ করা যায়। প্রতিটি বাচ্চা জাপানি কোয়েলের জন্য খাঁচায় ৭৫

এরপর পাঁচের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, শপিংমলে কর্মী নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-). M. J. S, Kol-9. (M): 90514-56985.

□

**জাহাজে ও ডকে স্থায়ী জব**

**WB Kol-L/C NO WB AL 70N65** পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 237 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 18750/- – 44,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা থাকবে। পুজোর মধ্যেও জয়েনিং চলবে। M: 95935-11600.

□

**প্রাঃ ব্যাঙ্ক DSA স্থায়ী ভাবে**

**WB. L/C No. Kol-50W85** পঃ বাংলার বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক ও Bank Office-সহ ব্যাঙ্ক DSA-এর জন্য 326 জন M/F বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-, এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা থাকবে। HELP: 83287-28134.

□

**আর্জেন্ট কাজের সুযোগ**

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্রে অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-). M: 78725-38656.

□

**সরাসরি কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিং হোম, Pvt. Co, শপিংমল কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,500/-, থাকা খাওয়ার সুবিধা আছে। M: 90515-41054.

□

**Airport ও Metro-তে ২১৫ জন মহিলা / পুরুষ চাই**

লাইসেন্স নং: **WB/829/SI** বেতন: 16,500/- – 38,200/-. Tag বয়, ট্রলি বয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কনস্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। UT গড়িয়া, Kol-84, (M): 96745-29673 / 96744-84902.

□

**এক ফোনে চাকরি**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে M/F অষ্টম/স্নাতক কর্মী চাই। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

### কর্মখালি

**সরাসরি ৭ দিনে চাকরি**

গভঃ রেজিঃ নং 254/01 বেতন: 17,900/- – 39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM টাওয়ার গার্ড Ex-আর্মি গানম্যান মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co-তে (ছেলেমেয়ে) সমস্ত সুবিধা। G. C. A, B B N 24 Pgs. Ph: 99335-27495 / 80136-07954. এজেন্ট স্বাগত।

□

**এক ফোনে চাকরি**

**Govt. Reg No. 6987 বিনা ডোনেশনে** Airport ও ব্যাঙ্কে M/F অষ্টম/স্নাতক কর্মী নিয়োগ। বেতন: 18,700/- – 47,800/-, থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

□

**D গ্রুপে কর্মী নিয়োগ**

বিনা ডোনেশনে **Airport** ও ব্যাঙ্ক (অষ্টম-স্নাতক) কর্মী নিয়োগ। বেতন: 18,200/- – 47,300/-, Ex-আর্মির বিশেষ ছাড়। M: 95935-68676.

□

**DIRECT JOINING**
**Govt. L/No. 6275**

বিনা ডোনেশনে **Bank (DSA)**-তে ও Airport অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ। বেতন: 18,700/- – 47,800/- থাকা খাওয়া ফ্রী। M: 95934-63109.

□

**Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং**

গভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

### স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেস্বরী** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৪ নভেম্বরের **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২০ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

# ৫ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১৮২৮ স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

শূন্যপদ ২২০টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৭০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **কানাড়া ব্যাঙ্ক:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৭৫টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, বৌদ্ধিক প্রতিবন্ধী এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক বা স্নাতকোত্তর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ।

**এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৮৮৪টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩০০টি (সাধারণ ১২২, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ৩০)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩০০টি (সাধারণ ১২৩, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২৬০টি (সাধারণ ১৪০, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ৩৮)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ৪ বছরের স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো-ফরেস্ট্রি, ফরেস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার।

**রাজভাষা অধিকারী (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৮৪টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫৫টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** হিন্দিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে বিষয় হিসেবে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে।

**ল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৪৪টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** আইনের ব্যাচেলর ডিগ্রি (এল এল বি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এইচ আর/পার্সোনেল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৬১টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, হিউম্যান রিসোর্স বা হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, সোশ্যাল ওয়ার্ক এবং লেবার ল-এর মধ্যে যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

**মার্কেটিং অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৫৩৫টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫০০টি (সাধারণ ২৭০, তফসিলি জাতি ৫১, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ৭৩)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সঙ্গে মার্কেটিংয়ে এম বি এ বা এম এম এস। অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট অথবা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট।

আই টি অফিসার ছাড়া অন্যান্য পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা হাই স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে একটি বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-১১-২০২১ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫)। এছাড়া ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০) প্রশ্ন। সব ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরের পেশাদারি বিষয়ে প্রশ্ন। রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। বাকি পদগুলির ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in. প্রার্থীর নিজের চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ জমা দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং দরখাস্ত 'সাবমিট' করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের সরকারি হাসপাতালে ৬৩০৮

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি (নার্সিং) অথবা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) কোর্স পাশ। কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল ও পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত হতে হবে। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা বা নেপালি লিখতে ও বলতে জানতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। নার্সিংয়ে এম এসসি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** ২৯,৮০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

বিজ্ঞপ্তি নম্বর R/MT (LAB)/14/2021: **মেডিক্যাল টেকনোলজিস্ট গ্রেড-থ্রি:** ১৩২টি (সাধারণ ৬৭, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৮, ও বি সি-এ ১৩, ও বি সি-বি ১০, দৈহিক প্রতিবন্ধী ৪)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল টেকনোলজিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা বা ব্যাচেলর্স ডিগ্রি কোর্স পাশ। কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১-২০২১ তারিখে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২৮,৯০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

বিজ্ঞপ্তি নম্বর R/AS (NM)/13/2021: **অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট (নন-মেডিক্যাল):** ৪৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১৮, ও বি সি-এ ৯, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ৫)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন বা হসপিটাল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১-২০২১ তারিখে ৩৬ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪০,২০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

বিজ্ঞপ্তি নম্বর R/Dental Tech./Dental Mech.,GR III/10/2021: **ডেন্টাল টেকনিশিয়ান/ডেন্টাল মেকানিক:** ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ২ বছরের ডেন্টাল টেকনিশিয়ান ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২৮,৯০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

রাজ্যের তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ নভেম্বর পর্যন্ত।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর ফটো, সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম-এর (জি আর পি এস) মাধ্যমে দিতে হবে ডেন্টাল টেকনিশিয়ান/মেকানিক ও মেডিক্যাল টেকনোলজিস্ট পদের ক্ষেত্রে ১৬০ টাকা, অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট এবং স্টাফ নার্স গ্রেড-টু পদের ক্ষেত্রে ২১০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। অনলাইনে ফি জমা দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। পূরণ করা দরখাস্তের অন্তত ৩ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারফোর্সে গ্রুপ 'সি'

৮৩ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। মাল্টি টাস্কিং স্টাফ, সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার, সুপারিন্টেন্ডেন্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, কার্পেন্টার, কুক, ফায়ারম্যান পদে নিয়োগ করা হবে বিভিন্ন স্টেশন ও ইউনিটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/2021/DR.

**ইউনিট অনুসারে শূন্যপদ:** এয়ারফোর্স স্টেশন, আগ্রা: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (সাধারণ)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Agra (UP)-282008.

এয়ারফোর্স স্টেশন, তেজপুর: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **সুপারিন্টেন্ডেন্ট (স্টোর):** ১টি (সাধারণ)। **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Tezpur, Assam-784104.

রিপেয়ার অ্যান্ড স্যালভেজ ইউনিট, গুয়াহাটি: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, 42 Repair & Salvage Unit, Guwahati, Assam-781015.

এয়ারফোর্স স্টেশন, চেন্নাই: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Tambaram, Chennai-600046.

এয়ারফোর্স স্টেশন, সেকেন্দ্রাবাদ: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Hakimpet, Secunderabad-500014.

এয়ারফোর্স স্টেশন, বেগমপেট: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Begumpet, Bowenpally Post, Secunderabad-500011.

এয়ারমেন ট্রেনিং স্কুল, বেলাগাভি: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Airmen Training School, Belagavi-591124.

হেড কোয়ার্টার্স ওয়েস্টার্ন এয়ার কম্যান্ড, নয়াদিল্লি: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (তফসিলি জাতি)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, HQ WAC (U) AF, Subroto park, New Delhi-110010.

এয়ারফোর্স স্টেশন, পাঠানকোট: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (সাধারণ)। **কার্পেন্টার:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Pathankot, Teh-Pathankot, Distt- Pathankot (Punjab)-145001.

এয়ারফোর্স স্টেশন, চণ্ডিগড়: **কুক:** ১টি (আর্থিক ভাবে অনগ্রসর)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (আর্থিক ভাবে অনগ্রসর)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Tettra School, Air Force Station, High Grounds, Chandigarh-160004.

এয়ারফোর্স স্টেশন, শ্রীনগর: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Srinagar (J&K), PIN-190007.

এয়ারফোর্স স্টেশন, পালাম: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Palam, New Delhi, PIN-110010.

এয়ারফোর্স স্টেশন, চকেরি: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (ও বি সি)। **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৪টি (সাধারণ ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমকর্মীর জন্য সংরক্ষিত। **মাল্টি টাস্কিং স্টাফ:** ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Chakeri, Kanpur-208008.

এয়ারফোর্স স্টেশন, চণ্ডিগড়: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১টি (তফসিলি জাতি)। **ফায়ারম্যান:** ১টি (ও বি সি)। **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160003.

এয়ারফোর্স স্টেশন, সুলুর: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamilnadu-641401.

এয়ারফোর্স স্টেশন, নজফগড়: **কুক:** ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110043.

বেস রিপেয়ার ডিপো, পালাম: **কুক:** ১টি (সাধারণ-প্রাক্তন সমরকর্মী)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, 13 Base Repair Depot, Air Force, Palam, New Pinto Park, New Delhi-110010.

বেস রিপেয়ার ডিপো, কামরূপ: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Stn Cdr, Base Repair Depot, Air Force Station Borjhar, PO-Guwahati Airport, Distt-Kamrup, Assam, Guwahati- 781015.

এয়ারফোর্স স্টেশন, চেন্নাই: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station Avadi, Avadi IAF (Post), Chennai-600055.

এয়ারফোর্স স্টেশন, এলাহাবাদ: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ২টি (ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি)**: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মাল্টি টাস্কিং স্টাফ:** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station, Manauri, Distt-Allahabad, Uttar Pradesh-212212.

এয়ারফোর্স স্টেশন, নাসিক: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Air Force Station, Devlali (South)-422501, Distt-Nasik (Maharashtra).

ইক্যুইপমেন্ট ডিপো, মধ্যপ্রদেশ: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Amla Depot (PO), Distt-Betul, Madhya Pradesh-460553.

এয়ারফোর্স স্টেশন, কানপুর: **মাল্টি টাস্কিং স্টাফ:** ২টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Upaskar Depot, Air Force Station Chakeri, Kanpur, PIN-208008.

এয়ারফোর্স স্টেশন, হরিয়ানা: **মাল্টি টাস্কিং স্টাফ:** ৪টি (সাধারণ ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Stn Cdr, Air Stores Park, Air Force, Air Force Station, Gurgaon, Haryana-122005.

এয়ারফোর্স হসপিটাল, ক্যান্টনমেন্ট কানপুর: **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও জি):** ১টি (সাধারণ)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Hospital, Nathu Singh Road, Cantonment Kanpur, PIN-208004.

এয়ারফোর্স রেকর্ড অফিস, নয়াদিল্লি: **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Presiding Officer, Civilian Recruitment Board, Air Force Record Office, Subroto Park, New Delhi-110010.

**শিক্ষাগত যোগ্যতা:** সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) পদের ক্ষেত্রে স্নাতক বা সমতুল। সেই সঙ্গে স্টোর কিপিং বা অ্যাকাউন্টসের কাজ জানলে অগ্রাধিকার।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

কুক পদের ক্ষেত্রে মাধ্যমিক-সহ ক্যাটারিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা।

কার্পেন্টার পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে কার্পেন্টার রিগার ট্রেডে সার্টিফিকেট থাকতে হবে।

সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভারের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। লাইট ও হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স-সহ ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। ওয়াচম্যান বা লস্কর বা গার্ডেনার বা জেনারেটর অপারেটর হিসেবে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

ফায়ারম্যান পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল। সঙ্গে স্টেট ফায়ার সার্ভিস বা সমতুল প্রতিষ্ঠান থেকে ফায়ার ফাইটিং ট্রেনিং নিয়ে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে দক্ষ হতে হবে। অভিজ্ঞতা থাকলে বা কোনও সরকারি প্রতিষ্ঠান থেকে জেনারেল ফায়ার

*এরপর আটের পাতায়*

# ডাক বিভাগে খেলোয়াড়

*প্রথম পাতার পর*

যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ করা হবে সেগুলি হল: আর্চারি, অ্যাথলেটিক্স, আটায়া-পাটায়া, ব্যাডমিন্টন, বল ব্যাডমিন্টন, বেস বল, বাস্কেট বল, বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার্স, বডি বিল্ডিং, বক্সিং, ব্রিজ, ক্যারম, চেস, ক্রিকেট, সাইক্লিং, সাইকেল পোলো, ডিস্ক স্পোর্টস, ইক্যুয়েস্ট্রিয়ান, ফেন্সিং, ফুটবল, গল্ফ, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, আইস হকি, আইস স্কেটিং, আইস স্কিইং, জুডো, কবাডি, ক্যারাটে, কায়াকিং অ্যান্ড কানোয়িং, খো খো, কুডো, মল্লাখাম্ব, মোটর স্পোর্টস, নেট বল, প্যারা স্পোর্টস, পেনক্যাক সিলাট, পোলো, পাওয়ার লিফটিং, শুটিং, শুটিং বল, রোল বল, রোলার স্কেটিং, রোয়িং, রাগবি, সেপাক টাকরো, সফট বল, সফট টেনিস, স্কোয়াশ, সুইমিং, টেবল টেনিস, তায়কোন্ডো, টেনি কোয়েট, টেনিস, টেনিস বল ক্রিকেট, টেনপিন বোলিং, ট্রায়াথলন, টাগ অব ওয়ার, ভলি বল, ওয়েট লিফটিং, রেসলিং, উশু, ইয়টিং।

**শূন্যপদের বিন্যাস:** পোস্টাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ১৯টি। সর্টিং অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ৪টি। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট (সি ও /আর ও): শূন্যপদ ৩টি। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট (এস বি সি ও): শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** দু'টি পদের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। তবে উচ্চমাধ্যমিক বা উচ্চতর স্তরে কম্পিউটার অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকলে পৃথক কম্পিউটার কোর্স না করে থাকলেও চলবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতায় অগ্রাধিকার পাওয়া যাবে না। **খেলাধুলার যোগ্যতা:** জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় স্তরে রাজ্যের স্কুলের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ন্যাশনাল ফিজিক্যাল এফিশিয়েন্সি ড্রাইভে জাতীয় স্তরে পুরস্কৃত হয়ে থাকতে হবে। জাতীয় স্তরে, বিশ্ববিদ্যালয় বা স্কুল স্তরের প্রতিযোগিতায় অন্তত তৃতীয় স্থানাধিকারীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ২৭-১১-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dopsportsrecruitment.in. অনলাইন রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৭ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (প্রতিটি ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ জমা দিতে হবে ২০০ টাকা। মহিলা, মহিলা ট্রান্সজেন্ডার ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। হেল্পলাইন নম্বর: ০৮৬৬-২৪২৯৮২২।

# ৩০০০ কমিউনিটি হেলথ অফিসার

*প্রথম পাতার পর*

প্রতিষ্ঠান থেকে বি এসসি নার্সিং বা পোস্ট বেসিক বি এসসি-র অন্তর্ভুক্ত ব্রিজ প্রোগ্রাম (সার্টিফিকেট) ইন কমিউনিটি হেলথ ফর নার্সেস (বি পি সি সি এইচ এন)-এর ইন্টিগ্রেটেড কোর্স পাশ করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ২০২০ বা ২০২১ সালে পাশ করে থাকতে হবে। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস কর্তৃক আয়োজিত চূড়ান্ত বর্ষের পরীক্ষায় পাশ করতে হবে।

উভয় ক্ষেত্রেই প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। এম এস অফিস এবং ইন্টারনেট জানলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৪-২০২১ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ২০,০০০ টাকা। সেই সঙ্গে পারফরম্যান্সের বিচারে মাসে সর্বাধিক ৫,০০০ টাকা ইনসেনটিভ।

বিজ্ঞপ্তি নম্বর SHFWS/2021/235-এর ক্ষেত্রে প্রার্থীদের প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। বিজ্ঞপ্তি নম্বর SHFWS/2021/236-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in. অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১০ নভেম্বর পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১২ নভেম্বর।

ফি জমা দিয়ে অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ১৫ নভেম্বর। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

MBBS
Ministry Of Health Of Russia
SMOLENSK STATE MEDICAL UNIVERSITY, RUSSIA
(101 YEARS OLD MEDICAL UNIVERSITY)
Invites Indian students for direct Government Admissions
Recognized by India, WHO, USA & UK, Min. Qual. 50% in XII in PCB
UNIVERSITY - Founded in 1920, Smolensk city is 380 km west of Moscow. Very high standards of education, strict disciplinary system. 1500 Indian students (650 Girls) studying, 167 got degree in 2021, English Medium in all years, Closed type campus system, 8 attached hospitals (6000 Beds).
MCI SCREENING TEST – Our graduates of 2008 to 2020 have given BEST results among graduates of all foreign medical colleges (Official web sites of Indian Embassy, Moscow and National Board of Examination, New Delhi who conducts MCI Screening Test confirm this).
SPECIAL HOSTELS ONLY FOR INDIAN STUDENTS (BEST HOSTELS IN RUSSIA) 2 and 4 seated big rooms, separate hostels for boys and girls.
INDIAN MESS - Mess with Indian food cooked by Indian cooks.
Fee (Tuition+Hostel+Med.Ins.) – USD 6000 (Approx. Rs. 4,50,000/-) per year and one time payment of Rs.1,50,000/- (By Bank Draft only) which includes – Admission procedure, invitation letter, student visa, air ticket Delhi - Moscow.
Scholarship to all Indian students.
Bank loans from Indian banks are available.
Contact Foreign advisor to Chancellor: Dr.Alok Aeron+79605805555(Russia)
Official web site: www.sgmu.info DM us on insta: @sgmu.info
Admission details: admission2020.sgmu.live
INFORMATION CENTERS (Parents of Students or Our Graduates):
DR. BASU - 8100641077

Veedol
Skill India
ASDC / NSDC (GOVT. OF INDIA) কর্তৃক
মোটর মেকানিক শিক্ষার জন্য
অবৈতনিক ছাত্র ভর্তি চলিতেছে
ASDC
প্রশিক্ষণ দেওয়া হয় : মোটরগাড়ী কোর্স (৬ মাস) ও মোটর বাইক কোর্স (৩ মাস)
শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ
বয়সসীমা : ১৮ বৎসর হইতে ৪০ বৎসর পর্যন্ত
আসন সংখ্যা : ২৫ জন (মোটরগাড়ী) এবং ২৫ জন (মোটর বাইক)
Final পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর GOVT. OF INDIA কর্তৃক একটি মূল্যবান প্রশংসাপত্র (CERTIFICATE) প্রদান করা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বৃত্তি প্রদান করা হয়। Driving সম্বন্ধে বেসিক ধারনা দেওয়া হয়।
শিক্ষা প্রতিষ্ঠানে উত্তীর্ণ ছাত্রদের JOB (কাজের) Campus Interview-এর ব্যবস্থা আছে। নামী Employers (নিয়োগকর্তারা) Mahindra, Hyundai, Honda, Ashok Leyland, Maruti, Honda Motor Cycles, Suzuki Motorcycles, Royal Enfield আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে এসে উত্তীর্ণ ছাত্রদের চাকরীর ব্যবস্থা করে।
মন্তব্য:
১. Final পরীক্ষায় গত ৫ বছরে গড় উত্তীর্ণ হার: 95%
২. November 2021 Session-এর ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন (আসন সংখ্যা সীমিত)
VEEDOL AUTO MECHANIC ACADEMY
AFFILIATED TO ASDC / NSDC (GOVT. OF INDIA)
Near Thakurpukur Cancer Hospital, M.G. Road, Thakurpukur, Kolkata - 700 104
Mobile: 91637 69123 / 94324 28676

# কারেন্ট অ্যাফেয়ার্স

৬ অক্টোবর-১১ অক্টোবর

**৬ অক্টোবর** বিশ্বের প্রথম ম্যালেরিয়া টিকায় সায় দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। পরিসংখ্যান জানাচ্ছে, বিশ্বজুড়ে প্রতিবছর মশাবাহিত এই অসুখে মারা যান প্রায় ৪ লক্ষ মানুষ। শিশুদের ক্ষেত্রে অনেক সময়ই মারাত্মক হয়ে ওঠে ম্যালেরিয়া। বছর দুয়েক ধরেই ঘানা, কেনিয়া প্রভৃতি আফ্রিকান দেশে এই টিকার পরীক্ষামূলক প্রয়োগ চলছিল। তার ফলাফল পর্যবেক্ষণের পরেই 'আর টি এস এস/এ এস০১' নামের ম্যালেরিয়া প্রতিষেধকটিকে ব্যবহারে ছাড়পত্র দিল হু।

## এয়ার ইন্ডিয়া আবার ফিরল টাটার হাতে



**৮ অক্টোবর:** ফের এয়ার ইন্ডিয়া হস্তগত করল টাটারা। কেন্দ্র সরকারের ঘোষণা অনুযায়ী, টাটা গোষ্ঠীর সংস্থা ট্যালেস প্রাইভেট লিমিটেড ১৮,০০০ কোটি টাকায় এয়ার ইন্ডিয়া অধিগ্রহণ করবে। এর মধ্যে ১৫% অর্থাৎ ২,৭০০ কোটি টাকা কেন্দ্র নগদ পাবে। বাকি ১৫,৩০০ কোটি টাকা এয়ার ইন্ডিয়ার ঋণ পরিশোধ করতে ব্যয় হবে। গ্রাউন্ড হ্যান্ডলিং সংস্থা এআইএসএটিএস-এর ৫০% অংশীদারিত্বের মালিকও হবে টাটারা। কেন্দ্রীয় অর্থমন্ত্রকের অধীনে বিলগ্নিকরণ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থা নিয়ন্ত্রণ দপ্তরের সচিব তুহিনকান্ত পাণ্ডে জানান, 'নিলামে ট্যালেস প্রাইভেট লিমিটেড জেতায় তাদের দরপত্র গ্রাহ্য হয়েছে।'

**৭ অক্টোবর** করোনার তৃতীয় ঢেউ রুখতে কেন্দ্র আগাম প্রস্তুতি সেরে রেখেছে বলে বার্তা দিলেন নীতি আয়োগের সদস্য এবং কেন্দ্রের কোভিড মোকাবিলা সংক্রান্ত টাস্ক ফোর্সের প্রধান ভি কে পল। তিনি বলেন, 'দেশের ৭১% মানুষের করোনার প্রথম টিকা হয়েছে। তারপরও আমরা বলতে পারব না সংক্রমণ কোন পর্যায়ে পৌঁছবে। প্রতিদিন সাড়ে চার থেকে পাঁচ লক্ষ মানুষ করোনায় আক্রান্ত হলেও, তার মোকাবিলা করতে তৈরি কেন্দ্র।' স্বাস্থ্যমন্ত্রকের যুগ্মসচিব লব আগরওয়ালও জানিয়েছেন, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর— উৎসবের মরশুমে এই তিনমাস সতর্ক থাকতে হবে।

**লখিমপুর খেরির ঘটনা নিয়ে শীর্ষ** আদালতের সমালোচনায় বিদ্ধ হল উত্তরপ্রদেশের যোগী প্রশাসন। ঘটনার চারদিন পরে ক'জন গ্রেপ্তার হয়েছে সেই প্রশ্ন তুলে এ দিনের মধ্যেই স্টেটাস রিপোর্ট চাইল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের এই কড়া নির্দেশের কয়েক ঘণ্টার মধ্যেই লখনউ পুলিশের আই জি লক্ষ্মী সিং জানান, লখিমপুর খেরির ঘটনায় দু'জন গ্রেপ্তার হয়েছে। তবে মূল অভিযুক্ত মন্ত্রী-পুত্র আশিস মিশ্র বেপাত্তা। যদিও তাকে সমন পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

## হলিউড ওয়াক অব ফেম পেলেন ড্যানিয়েল ক্রেগ



**৭ অক্টোবর:** 'হলিউড ওয়াক অব ফেম' ফলক পেলেন এখনকার জেমস বন্ড ড্যানিয়েল ক্রেগ। তাঁর ফলকটি স্থান পেয়েছে রজার মুরের ঠিক ডানপাশে। মুরও একাধিক ছবিতে বন্ডের ভূমিকায় অভিনয় করেছেন। সম্প্রতি মুক্তি পেয়েছে ড্যানিয়েল ক্রেগ অভিনীত বন্ডের নতুন ছবি 'নো টাইম টু ডাই'। ২০০৬ সালে 'ক্যাসিনো রয়্যাল' ছবি থেকে ড্যানিয়েলের বন্ড হিসেবে যাত্রা শুরু। তাঁর আগে ২৭০৪ জন তারকা এই ওয়াক অব ফেম-এ ফলক পেয়েছেন। এই সুবাদেই উঠে আসছে আর এক বিখ্যাত বন্ড অভিনেতা শন কনারির কথা। শনের ছবিগুলি জনপ্রিয়তার শিখরে পৌঁছলেও তিনি 'ওয়াক অব ফেম' ফলক পাননি।

**মাদক মামলায় জামিন পেলেন না** শাহরুখ পুত্র আরিয়ান খান। এদিন নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি)-র হেফাজত থেকে তাঁকে ১৪ দিনের বিচারবিভাগীয় হেফাজত পাঠানো হল। মুম্বইয়ের আদালত জানিয়েছে, মাদক মামলা-সংক্রান্ত পরের সব শুনানি হবে স্পেশ্যাল নার্কোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবস্ট্যান্সেস' (এনডিপিএস) কোর্টে।

**ভবানীপুর বিধানসভা কেন্দ্রের** উপনির্বাচনে জয়ের পর বিধানসভা ভবনে বিধায়ক হিসেবে শপথ নিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিধানসভার অধ্যক্ষের বদলে মুখ্যমন্ত্রীকে বিধায়ক পদে শপথবাক্য পাঠ করালেন রাজ্যপাল জগদীপ ধনখড়। সাধারণত বিধানসভায় বিধায়কদের শপথবাক্য পাঠ করান বিধানসভার অধ্যক্ষ। এক্ষেত্রে প্রথা ভেঙে রাজ্যপালই বিধানসভায় গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় সহ তিন বিধায়ককে শপথবাক্য পাঠ করালেন।

## রসায়নে নোবেল



*বাঁদিক থেকে: ডেভিড ডব্লিউ সি ম্যাকমিলান এবং বেঞ্জামিন লিস্ট*

**৬ অক্টোবর:** নতুন নতুন যৌগ অণু তৈরি করতে 'অ্যাসিমেট্রিক অর্গানোক্যাটালিসিস' বা 'প্রতিসম জৈব অনুঘটন' নামে এক অভিনব বিক্রিয়া আবিষ্কারের জন্য রসায়নে এ বছর নোবেল পেলেন জার্মানির বেঞ্জামিন লিস্ট এবং স্কটল্যান্ডে জন্ম নেওয়া মার্কিন বিজ্ঞানী ডেভিড ডব্লিউ সি ম্যাকমিলান। রসায়নে নোবেলের জন্য এই দুই বিজ্ঞানীর নাম ঘোষণা করে নোবেল কমিটি জানিয়েছে এঁদের আবিষ্কারে ২০০০ সালের পর থেকে প্রভূত উপকৃত হয়েছে ওষুধ শিল্প।



“মোদীর উন্নয়নের গাড়ি উল্টোমুখে চলছে এবং তার ব্রেকও ফেল হয়ে গিয়েছে। তাঁর উন্নয়নের জিগিরের মধ্যে লাখো পরিবার ফের চুল্লি জ্বালিয়ে রান্না শুরু করেছেন।”

**রাহুল গান্ধী,** *কংগ্রেস নেতা ও সাংসদ*

উত্তরপ্রদেশ-সহ চার রাজ্যে ভোটের দিকে তাকিয়ে পেট্রোল-ডিজেলে উৎপাদন শুল্ক সামান্য কমানোকে কটাক্ষ করে

**৯ অক্টোবর** মধ্যপ্রদেশ হাইকোর্টের বরিষ্ঠ বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হলেন। তাঁর নাম এই পদের জন্য আগেই সুপারিশ করেছিল সুপ্রিম কোর্টের পাঁচ বিচারপতির কলেজিয়াম। এ দিন এক সরকারি বিজ্ঞপ্তি জারি করে এ কথা জানিয়েছে কেন্দ্র।

**লখিমপুর খেরির কৃষকখুনের ঘটনায় মূল** অভিযুক্ত কেন্দ্রীয় স্বরাষ্ট্রপ্রতিমন্ত্রীর ছেলে আশিস মিশ্রকে গ্রেপ্তার করল পুলিশ। শুরুতেই আশিসের নামে মার্ডার চার্জ দিয়েছিল পুলিশ। তাঁর গ্রেপ্তারির দাবিতে লাগাতার সুর চড়াচ্ছিল বিরোধী শিবির এবং কৃষক সংগঠনগুলি।

## পাক পরমাণু বিজ্ঞানী কাদির প্রয়াত



**১০ অক্টোবর:** পাকিস্তানের 'পরমাণু বোমার জনক' আব্দুল কাদির খান (৮৫) প্রয়াত হলেন। মাস তিনেক আগে করোনায় আক্রান্ত হয়ে সুস্থও হয়ে উঠেছিলেন। তবে মারা গেলেন করোনার পার্শ্বক্রিয়াতেই। পাকিস্তানের সর্বোচ্চ নাগরিক সম্মান 'নিশান-এ-ইমতিয়াজ'-এ ভূষিত করা হয়েছিল তাঁকে। প্রবীণ এই বিজ্ঞানীর প্রয়াণে তাঁকে 'পাকিস্তানের জাতীয় আইকন'.হিসেবে উল্লেখ করে এদিন শোকপ্রকাশ করেছেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। তবে তাঁর বিরুদ্ধে অন্য দেশকে পরমাণু বোমা তৈরির ফরমুলা বিক্রির অভিযোগও ওঠে। তিনি নিজেও পরে জাতীয় টেলিভিশনে স্বীকার করে নেন যে তিনি অনৈতিক ভাবে লিবিয়া, ইরান ও উত্তর কোরিয়াকে পরমাণু বোমা তৈরির ফরমুলা বেচেছেন। দেশবাসীর কাছে ক্ষমাও চান তিনি।

## সাহিত্যে নোবেল



**৭ অক্টোবর:** আফ্রিকান বংশোদ্ভূত ব্রিটিশ ঔপন্যাসিক আব্দুলরাজাক গুরনাকে এ বছর সাহিত্যে নোবেল পুরস্কার দেওয়া হল। গুরনার নাম ঘোষণা করে এদিন সুইডিশ অ্যাকাডেমির স্থায়ী সচিব মাটস মাল্ম বলেন, 'ঔপনিবেশিকতার প্রভাব সম্পর্কে তাঁর তীক্ষ্ণ দৃষ্টিভঙ্গি এবং বিভিন্ন সংস্কৃতি ও মহাদেশের মাঝখানে আটকে পড়া উদ্বাস্তুদের কণ্ঠস্বর অত্যন্ত দরদ দিয়ে ও সাহসিকতার সঙ্গে তুলে আনার জন্য গুরনাকে এ বছরের নোবেল সাহিত্য পুরস্কারে ভূষিত করা হল।' আব্দুল রাজাকের প্রথম উপন্যাস 'মেমরি অব ডিপার্চার' প্রকাশিত হয় ১৯৮৭-তে। এখনও পর্যন্ত লিখেছেন ১০টি উপন্যাস। সাম্প্রতিকতম 'আফটার লাইভস' প্রকাশিত হয়েছে ২০২০-তে। তবে সাহিত্যমহলে তাঁর পরিচিতি মূলত সমালোচক হিসেবেই।

**১০০ বিলিয়ন ডলার ক্লাবের সদস্য হয়ে** গেলেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের কর্ণধার মুকেশ আম্বানি। এর ফলে জেফ বেজোস, এলন মাস্কের মতো বিশ্বের প্রথমসারির ধনকুবেরদের তালিকায় ঢুকে পড়লেন মুকেশ। 'ব্লুমবার্গ বিলিওনেয়ার্স ইনডেক্স'-এর রিপোর্ট অনুযায়ী, এখন তাঁর সম্পত্তি ১০০.৬ বিলিয়ন ডলার। চলতি বছরেই ২৩.৮ বিলিয়ন ডলার সম্পত্তি বেড়েছে মুকেশের।

**চিন সেনা না-সরালে লাদাখ থেকে** ভারতীয় সেনাও সরবে না বলে বার্তা দিলেন ভারতীয় সেনাপ্রধান মনোজ মুকুন্দ নারাভানে। এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, 'পূর্ব লাদাখের একাধিক পকেটে ফের সেনা বাড়াচ্ছে বেজিং। আরও সেনা মোতায়েনের জন্য চিনের দিকে বিশেষ পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। দেশের সুরক্ষার সঙ্গে কোনও আপস নয়। প্রয়োজনে আমরাও নতুন করে ঘাঁটি তৈরি করব লাদাখে।

**১০ অক্টোবর** এবার টি-টোয়েন্টি বিশ্বকাপেও থাকছে ডিসিশন রিভিউ সিস্টেম (ডিআরএস)। এদিন আইসিসি এই নিয়মের কথা জানিয়েছে। এর আগে ছেলেদের শেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে ২০১৬ সালে ডিআরএস সিস্টেম ছিল না। তবে ২০১৮ সালে মেয়েদের টি-টোয়েন্টি বিশ্বকাপে আইসিসি এই নিয়ম রেখেছিল।

**লাদাখ থেকে সেনা সরানো নিয়ে চিনের** দিকে থাকা মলডো-তে ১৩তম কম্যান্ডার পর্যায়ের বৈঠকে বসল দুই দেশ। এর আগের সেনা-পর্যায়ের বৈঠক হয়েছিল মাসদুয়েক আগে। কম্যান্ডার পর্যায়ের সেই ১২তম বৈঠকের পরেই গোগরা থেকে সেনা সরাতে রাজি হয় দু'পক্ষ। কিন্তু পূর্ব লাদাখের একটা বড় অংশ জুড়ে চিন এখনও সেনা রেখে দিয়েছে এবং এখনও সেনা বাড়িয়ে চলেছে বলে অভিযোগ করে ভারত। শুধু তাই নয়, সম্প্রতি উত্তরাখণ্ডের বারাহোতি এবং অরুণাচল প্রদেশের তাওয়াং সেক্টরে আগ্রাসন দেখিয়েছে চিনা ফৌজ।

**১১ অক্টোবর** প্রবীণ রবীন্দ্রসঙ্গীত শিল্পী স্বপন গুপ্ত (৭৮) হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন। এই দৃষ্টিহীন শিল্পীর গায়নশৈলী দীর্ঘদিন ধরে শ্রোতাদের মুগ্ধ করে রেখেছিল। দেবব্রত বিশ্বাসের অনুগামী এই শিল্পীকে ২০১৫ সালে পশ্চিমবঙ্গ সরকার 'সঙ্গীত মহা-সম্মান'-এ ভূষিত করে। শিল্পীর মৃত্যু সংবাদে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গভীর শোকপ্রকাশ করেছেন।

**জম্মু-কাশ্মীরের পুঞ্চে গুলির লড়াইয়ে** প্রাণ হারালেন এক জুনিয়র কমিশনড অফিসার এবং চার জওয়ান। জঙ্গিদের খোঁজে তল্লাশি চালাতে গিয়েই ঘটেছে এই ঘটনা। চলতি বছরে জঙ্গি দমন অভিযান চালাতে গিয়ে এতজন জওয়ানের প্রাণহানির ঘটনা এই প্রথম। চলতি বছরের শুরুতে জঙ্গি অনুপ্রবেশ কম থাকলেও সম্প্রতি অনুপ্রবেশের চেষ্টা বেড়েছে বলে স্বীকারও করেছেন সেনাপ্রধান এম এম নারাভানে। সপ্তাহখানেকের মধ্যেই সেখানে ছ'জনেরও বেশি সাধারণ মানুষকে খুন করেছে জঙ্গিরা। উল্লেখ্য, তালিবান আফগানিস্তানে ক্ষমতা দখল করার পর পাকিস্তান তাদের সাহায্য নিয়ে কাশ্মীরে অশান্তি বাড়ানোর চেষ্টা করতে পারে এমন খবর অবশ্য গোয়েন্দাদের কাছে ছিল।

**লখিমপুর খেরিতে কৃষকদের গাড়ি চাপা** দিয়ে খুনের মামলায় ধৃত মন্ত্রীপুত্র আশিস মিশ্রকে তিনদিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিল আদালত। সারাদেশে হইচই ফেলে দেওয়া এই ঘটনার পর থেকেই কার্যত ফেরার ছিলেন আশিস। বিরোধীদের ক্রমাগত চাপ আর সুপ্রিম কোর্টের ভর্ৎসনার ফলে মন্ত্রিপুত্রকে গ্রেপ্তার করে পুলিশ। এ দিন আশিসকে ১৪ দিন নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানায় উত্তরপ্রদেশ পুলিশ। আদালত খুনের চেষ্টা এবং অপরাধমূলক ষড়যন্ত্রের ধারায় অভিযুক্ত আশিসকে পুলিশি হেফাজতের নির্দেশ দেয়। অন্যদিকে, লখিমপুরের ঘটনায় চার কৃষক এবং এক সাংবাদিক-সহ আটজনের মৃত্যুর ঘটনায় গোটা দেশে বেড়েছে ক্ষোভ। বিরোধী এবং কৃষক সংগঠনগুলি কেন্দ্রীয় স্বরাষ্ট্রপ্রতিমন্ত্রী অজয় মিশ্র তেনির ইস্তফা দাবি করেছে।

## অর্থনীতিতে নোবেল তিন গবেষকের



*বাঁদিক থেকে: জোশুয়া ডি অ্যাংগ্রাইস্ট, গিডো ডব্লিউ ইমবেনস ও ডেভিড কার্ড*

**১১ অক্টোবর:** তিনজন অর্থনীতিবিদ এ বছর অর্থনীতির নোবেল পেলেন। ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া বার্কলে-র ডেভিড কার্ড পুরস্কার পেলেন শ্রম অর্থনীতিতে তাঁর গবেষণামূলক অবদানের জন্য। ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির জোশুয়া ডি অ্যাংগ্রাইস্ট আর স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির গিডো ডব্লিউ ইমবেনস পেলেন কজাল রিলেশনশিপ বা কার্যকারণ সম্পর্কের বিশ্লেষণে তাঁদের পদ্ধতিগত অবদানের জন্য। কার্ডের গবেষণা প্রমাণ করেছিল, ন্যূনতম মজুরি বাড়লে শ্রমক্ষেত্রে ছাঁটাই মোটেই বাড়ে না। আর অ্যাংগ্রাইস্ট এবং ইমবেনস বুঝিয়েছিলেন যেখানে প্রচলিত বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করে সমাধান পাওয়া সম্ভব নয়, সেখানে কার্য-কারণ সম্পর্কের ব্যবহারে সমাধান পাওয়া যায়।

## নোবেল শান্তি দুই সাংবাদিককে



*বাঁদিক থেকে: মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ*

**৮ অক্টোবর:** এ বছরের নোবেল শান্তি পুরস্কার পেলেন ফিলিপিন্সের মারিয়া রেসা ও রাশিয়ার দিমিত্রি মুরাতভ। গণতন্ত্রের সঙ্কটের যুগে সংবাদমাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপের মধ্যেও বাক স্বাধীনতা রক্ষা করতে নিরলস লড়াই চালিয়ে যাওয়ার জন্য এই দুই সাংবাদিককে সম্মান জানাল নোবেল কমিটি। শান্তি পুরস্কারের দায়িত্বে থাকা নরওয়েজীয় নোবেল কমিটির চেয়ার পার্সন বেরিস রাইস অ্যান্ডারসেন পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করে বলেন, 'গণতন্ত্র ও দীর্ঘস্থায়ী শান্তি বজায় রাখতে সব থেকে জরুরি বাক স্বাধীনতা অক্ষুণ্ণ রাখা। সারা পৃথিবীর অসংখ্য সাংবাদিক অত্যন্ত ঝুঁকি নিয়ে এই কাজটাই করে যাচ্ছেন। তাঁদের প্রতিনিধি মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ।'

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার বাছা পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# সব সংস্থাই কিন্তু প্রতিভা খোঁজে




অনুপ ব্যানার্জি
ভাইস প্রেসিডেন্ট
ওয়েবটেল ইলেকট্রোসফ্‌ট টেকনোলজি
(অফশোর তথ্যপ্রযুক্তি সংস্থা)


এই এমন একটা সময় যখন প্রত্যেকেরই যে-কোনও ইন্টারনেটে পড়াশোনা করে নিজেকে তৈরি করতে পারে। ফেসবুক লাইভ সব সময় তোমাকে অন্যদের থেকে আলাদা করে এগিয়ে রাখবে। আগে শিক্ষার্থীদের জন্য এই জোগাড় করা, শিক্ষকের কাছে যাওয়া বা কোনও প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাধ্যতামূলক ছিল। কিন্তু এখন যে-কোনও বিষয় নিয়ে গুগলে সার্চ করলেই সেই সংক্রান্ত অনেক লিঙ্ক, টিউটোরিয়াল পাওয়া যায়। স্কুলে উচ্চশিক্ষার সুযোগ না থাকলেও নিজেই পড়াশোনা করে নিজেকে অনেকটাই তৈরি করে নেওয়া যায়।

কিছুদিন আগেই একটি ছেলের ইন্টারভিউ নিয়েছিলাম। সাধারণ বি কম পাশ। কিন্তু কলেজের পড়াশোনার বাইরে এবং স্নাতকস্তরের পড়াশোনা শেষ করার পরে সে খুব মন দিয়ে ইউটিউবে ডিজিটাল মার্কেটিং বিষয়ে বিভিন্ন টিউটোরিয়াল দেখে শিখেছে। কিন্তু কয়েকটা সার্টিফিকেট কোর্স করেছে। এই ক্ষেত্রে পেশাদারদের কাজের ধরন অনুসরণ করার চেষ্টা করেছে। আগেও আমরাই তার সঙ্গে ইন্টারভিউ নিয়েছি। তাদের পেশাদার কোর্সে ভালো রেজাল্টও রয়েছে। কিন্তু আমাদের তথ্যপ্রযুক্তি সংস্থা সেই নন-টেকনিক্যাল সাধারণ বি কম ছেলেটিকেই নিয়োগ করল। পেশাদার কোর্সের দাম অবশ্যই আছে। কিন্তু যদি কেউ 'সেল্ফ লার্নার' হয়ে সমযোগ্যতা অর্জন করে, সেই স্বশিক্ষিত প্রার্থীর প্রতি ইন্টারভিউয়ারদের একটা আলাদা ভালোলাগা, সমীহ তৈরি হয়। বোঝা যায়, বিষয়ের প্রতি তার একটা প্যাশন আছে। সেই প্রার্থীকে যে নিজে নিজে সব শিখে তৈরি হয়েছে। এই সেল্ফ লার্নিংয়ের অভ্যাসই তাকে উন্নতির পথে ঠেলে নিয়ে যাবে। এরকম কর্মী সব সংস্থাই চায়।

সিভিতে পেশাদার ডিগ্রির পরের অংশে কাজ-সংশ্লিষ্ট কোর্স যা-যা পড়েছ তার কথা অবশ্যই উল্লেখ করবে। টিউটোরিয়াল বা লিঙ্কের নাম বা যে-প্ল্যাটফর্মের ভিত্তিতে তাঁর নাম উল্লেখ করে লিখতে পারো। সার্টিফিকেট থাকলে তো কথাই নেই। সেইসঙ্গে এই বিষয়ে খুঁটিনাটি প্রশ্নের জন্য তৈরি হয়ে ইন্টারভিউয়ে যেতে হবে।



## রিমোট ওয়ার্ক

বাড়ি থেকে কাজ করার বিভিন্ন ইতিবাচক দিক দেখা যাচ্ছে। বড় বড় সংস্থা এই বিষয়টা নিয়ে ভাবছে, গবেষণা করছে, নতুন ধারা তৈরি হচ্ছে। এর ফলে একদিকে যেমন কর্মীকে যাতায়াতের ধকল পোহাতে হচ্ছে না, ক্লান্ত হয়ে পড়তে হচ্ছে না, কর্মীর মানসিক চাপ অনেক কমছে, অন্যদিকে তেমনই সংস্থারও সাশ্রয় হচ্ছে। তবে বাড়ি থেকে কাজের অভ্যাস তৈরি হওয়া মানে এই নয় যে, অন্য জায়গায় ট্রান্সফারের সুযোগ এলেও নেবে না। অবশ্যই বদলির জন্য তৈরি থাকবে এবং সংস্থাকেও সেটা জানিয়ে রাখবে। এই বদলি হওয়ায় আপত্তি থাকায় ভালো ইন্টারভিউ দেওয়া সত্ত্বেও অনেক ছেলেমেয়েকে চাকরি দেওয়া সম্ভব হয় না।

## সফ্‌ট স্কিল

নিজের সফ্‌ট স্কিলগুলোকে উন্নত করতে হবে। তোমার জনসংযোগের দক্ষতা, শরীরী ভাষা, অনুভূতির প্রকাশ— এগুলোকে ক্রমাগত মার্জিত করতে হবে। যত বেশি শিখবে, পড়বে, চোখ-কান খোলা রেখে সচেতন ভাবে কাজ করতে পারবে, তোমার উন্নতির পথ ততই চওড়া হবে। সংস্থা কিন্তু প্রতিভা খোঁজে, শুধু বড় ডিগ্রি নয়।

# রোজগারের পথ দেখাচ্ছে জাপানি কোয়েল চাষ

প্রথম পাতার পর

বর্গ সেন্টিমিটার এবং মেঝেতে ১০০ বর্গ সেন্টিমিটার জায়গার দরকার। অন্যদিকে প্রাপ্তবয়স্ক প্রতিটি জাপানি কোয়েলের জন্য খাঁচায় ১৫০ বর্গ সেন্টিমিটার এবং মেঝেতে ২৫০ বর্গ সেন্টিমিটার জায়গার প্রয়োজন।

কোয়েল রাখার ঘরে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা রাখতে হবে। তাপমাত্রা ৫০-৭০ ডিগ্রি ফারেনহাইট হওয়া ভালো। স্ত্রী কোয়েল এবং পুরুষ কোয়েল আলাদা রাখা উচিত। শুধুমাত্র ডিম ফোটানোর জন্য স্ত্রী এবং পুরুষ কোয়েল একত্রে রাখা হয়। তুষ, বালি, ছাই, কাঠের গুঁড়ো ইত্যাদি কোয়েলের লিটার হিসাবে মেঝেতে ব্যবহার করা যায়।

এদের খাবার খুবই কম লাগে। একটি জাপানি কোয়েলকে জন্মাবার প্রথম সপ্তাহ থেকে ৫ গ্রাম করে খাবার দেওয়া শুরু করে, প্রতি সপ্তাহে ৫ গ্রাম করে বাড়িয়ে ৩০ গ্রাম পর্যন্ত নিরবচ্ছিন্ন ভাবে খাবার দেওয়া যেতে পারে। অর্থাৎ একটি পরিণত পাখির জন্য খাবার লাগে প্রতিদিন প্রায় ৩০ গ্রাম। বাচ্চা কোয়েলের জন্য ট্রে বা ছোট পাত্রে খাবার দিতে হবে। প্রতি ২০টি বাচ্চার জন্য একটি খাবার পাত্র রাখা উচিত এবং প্রতি ৩৫টি প্রাপ্তবয়স্ক জাপানি কোয়েলের জন্য একটি পাত্র রাখা যেতে পারে। লম্বা খাবার পাত্রেও, যাতে কারও খেতে কোনও অসুবিধা না হয়। সকালে এবং বিকেলে খাবার পাত্র ভালো করে পরিষ্কার করা উচিত। খাবারের পাশাপাশি নির্দিষ্ট মাপ অনুযায়ী জল খাওয়ানোও জরুরি। জলের পাত্র যেন পরিষ্কার থাকে। জীবাণুমুক্ত জল দিতে হবে।

ডিম উৎপাদন এবং ডিমের উর্বরতা বাড়ানোর জন্য দৈনিক ১৮ ঘণ্টা আলোর প্রয়োজন। যেসব পুরুষ কোয়েল শুধু মাংস উৎপাদনের জন্য (প্রজননের কাজে ব্যবহার করা হয় না) প্রতিপালন করা হয় সেগুলির জন্য দৈনিক ৮ ঘণ্টা আলোই যথেষ্ট।



## প্রশিক্ষণ ও বিক্রির ব্যবস্থা

পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগের অধীনস্থ টালিগঞ্জের স্টেট পোল্ট্রি ফার্মে নিখরচায় ১৫ দিনের জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। পুরুষ এবং মহিলা, উভয়েই প্রশিক্ষণ নিতে পারেন। এর জন্য কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। সাধারণত, ফার্মের গেটে ফর্ম দেওয়া হয়। সেই ফর্ম পূরণ করে জমা দিতে হবে। ফোন নম্বর দেওয়া জরুরি। কারণ প্রশিক্ষণের জন্য ফোন করেই ডেকে নেন কর্তৃপক্ষ।

প্রশিক্ষণের পরে ফার্ম থেকেই জানিয়ে দেওয়া হয় কী ভাবে তাঁরা প্রাণিসম্পদ উন্নয়ন দপ্তরের সঙ্গে যোগাযোগ করে নিজেদের উৎপাদিত সামগ্রী বিক্রি করবেন। এছাড়া ফার্ম থেকে প্রতিপালনের জন্য কোয়েলের বাচ্চা বিক্রি করা হয়। টালিগঞ্জের ফার্ম ছাড়াও সরাসরি চাষিদের কাছ থেকে ডিম ও মাংস কিনে থাকে হরিণঘাটা। বিক্রির জন্য কি-সহ সল্টলেকের প্রাণিসম্পদ নিগমের হেড অফিসে উপস্থিত হয়ে নাম নথিভুক্ত করাতে হবে। এর ফলে চাষি যেমন হরিণঘাটা মিটে বিক্রি করতে সক্ষম থাকবেন, তেমনই হরিণঘাটা মিট সংস্থাও তাঁদের কাছ থেকে কিনতে বাধ্য থাকবে।

ইতিমধ্যেই বহু জাপানি কোয়েল চাষি হরিণঘাটা মিটের সঙ্গে যুক্ত হয়েছেন। যাঁদের হাঁস-মুরগি প্রতিপালন করার পরিকাঠামো ইতিমধ্যেই আছে, তাঁদের অনেকেই হাঁস-মুরগির পাশাপাশি জাপানি কোয়েলের চাষ শুরু করেছেন।

জাপানি কোয়েলের মাংস ও ডিমের চাহিদা বাড়ছে। তাই এই পাখি প্রতিপালন করে স্বনির্ভর হওয়ার পথ বেশ উজ্জ্বলই বলা চলে।

**রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগের ঠিকানা:** পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগম লিমিটেড, সল্টলেক, ব্লক এল বি-২, সেক্টর থ্রি, কলকাতা-৭০০ ১০৬, টোল ফ্রি নম্বর: ১৮০০৩৪৫৮২৪৫, ই-মেল: info@wbldc.com


ইনস্টিটিউট অফ বैंকিং পর্সনেল সিলেকশন

INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION

IBPS

Authorised Website: www.ibps.in

In case of queries/complaints please log in to https://cgrs.ibps.in/

**COMMON RECRUITMENT PROCESS FOR RECRUITMENT OF SPECIALIST OFFICERS IN PARTICIPATING BANKS- (CRP SPL-XI FOR VACANCIES OF 2022-23)**

The online examination (Preliminary and Main) for the next Common Recruitment Process (CRP) for selection of personnel in Specialist Officers' cadre posts listed below in the Participating Banks is tentatively scheduled in December 2021/January 2022.

| Sr. No | POSTS | Tentative Vacancies |
|---|---|---|
| 01 | I.T. Officer (Scale-I) | 220 |
| 02 | Agricultural Field Officer (Scale I) | 884 |
| 03 | Rajbhasha Adhikari (Scale I) | 84 |
| 04 | Law Officer (Scale I) | 44 |
| 05 | HR/Personnel Officer (Scale I) | 61 |
| 06 | Marketing Officer (Scale I) | 535 |

The tentative schedule of events is as follows:

| Events | Tentative Dates |
|---|---|
| On-line registration including Edit/Modification of Application by candidates | 03.11.2021- 23.11.2021 |
| Payment of Application Fees/Intimation Charges (Online) | 03.11.2021- 23.11.2021 |
| Download of call letters for Online examination – Preliminary | December 2021 |
| **Online Examination – Preliminary** | **26.12.2021** |
| Result of Online exam – Preliminary | January 2022 |
| Download of Call letter for Online exam – Main | January 2022 |
| **Online Examination – Main** | **30.01.2022** |
| Declaration of Result of Online Main Examination | February 2022 |
| Download of call letters for interview | February 2022 |
| Conduct of interview | February/March 2022 |
| Provisional Allotment | April 2022 |

Candidates are advised to regularly keep in touch with the authorised IBPS website www.ibps.in for details and updates.

Before registering online candidates are advised to read the detailed notification and follow the instructions mentioned therein.

Mumbai

Date: 02.11.2021


Director

চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং


# কলকাতা পুলিশে সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোন ভিটামিনটি স্নেহপদার্থে দ্রবণীয়?
(a) ভিটামিন A, D, K (b) ভিটামিন A, D, B (c) ভিটামিন B, C, D (d) ভিটামিন A, C, K
2. নীচের কোনটি মিশ্র গ্রন্থি?
(a) অগ্ন্যাশয় (b) শুক্রাশয় (c) ডিম্বাশয় (d) সবগুলিই
3. A একা একটি কাজ 35 দিনে এবং B একা একটি কাজ 14 দিনে সম্পন্ন করতে পারে। যদি তারা একসঙ্গে 5 দিন কাজ করে থাকে, কত অংশ কাজ বাকি থাকবে?
(a) $\frac{1}{3}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{3}{4}$
4. ভারতীয় সমস্যার একমাত্র সমাধান ভারত বিভাজন, উক্তিটি করেন:
(a) মহম্মদ ইকবাল (b) ফজলুল হক (c) চৌধুরী রহমত আলি (d) মহম্মদ আলি জিন্না
5. বেলে পাথরের রূপান্তরিত রূপ হল:
(a) মার্বেল (b) কোয়ার্টজাইট (c) নিস (d) স্লেট
6. রবীন্দ্রনাথ ঠাকুর যে ছদ্মনামটি ব্যবহার করতেন তা হল:
(a) ভানুসিংহ (b) পরশুরাম (c) বীরবল (d) বনফুল
7. নীচের হরপ্পা প্রত্নস্থলগুলির মধ্যে কোনটি গুজরাটে অবস্থিত নয়?
(a) সুরকোটডা (b) লোথাল (c) ধোলাভিরা (d) বানওয়ালি
8. ভারতের একটি বিখ্যাত শীতল জলের প্রস্রবণ হল:
(a) ভেরনাগ (b) সহস্রধারা (c) অনন্তনাগ (d) তাতাপানি
9. জাতীয় বিজ্ঞান দিবস হল:
(a) 4 ফেব্রুয়ারি (b) 28 ফেব্রুয়ারি (c) 5 জুন (d) 7 এপ্রিল
10. নীচের শব্দগুলিকে অর্থবহ সারিতে সাজান:
A. Crop B. Root C. Stem D. Seed E. Flower
(a) B, C, D, A, E (b) B, D, E, A, C (c) D, B, C, E, A (d) B, C, E, A, D

11. 

(a) 33 (b) 11 (c) 22 (d) 12
12. 5টি পরপর স্বাভাবিক সংখ্যার গড় 79 হলে বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত হবে?
(a) 21 (b) 15 (c) 4 (d) 1
13. গৌতম বুদ্ধ কোথায় নির্বাণ লাভ করেন?
(a) লুম্বিনী (b) সারনাথ (c) কুশীনগর (d) বোধগয়া
14. ভারতীয় সংবিধান অনুযায়ী কৃষিক্ষেত্র হল:
(a) অঙ্গরাজ্যের বিষয় (b) কেন্দ্রীয় সরকারের বিষয় (c) কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ বিষয় (d) কোনওটিই নয়
15. আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের সর্বোচ্চ শৃঙ্গ হল:
(a) কারনিকোবর (b) ডায়াবল শৃঙ্গ (c) স্যাডেল শৃঙ্গ (d) কোনওটিই নয়
16. পশ্চিমবঙ্গের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গিয়েছে?
(a) মালদা (b) নদিয়া (c) মুর্শিদাবাদ (d) পুরুলিয়া
17. কী অনুপাতে দুধের সঙ্গে জল মিশ্রিত করে সেই মিশ্রণটি দুধের ক্রয়মূল্যে বিক্রয় করলেও 35% লাভ হয়?
(a) 7 : 20 (b) 20 : 7 (c) 35 : 1 (d) 7 : 3
18. ভুটানের সঙ্গে সীমারেখা নেই যে রাজ্যের—
(a) সিকিম (b) মেঘালয় (c) অরুণাচল প্রদেশ (d) পশ্চিমবঙ্গ
19. মিনিকয় ও সুহেলি দ্বীপপুঞ্জকে আলাদা করেছে:
(a) 6 ডিগ্রি চ্যানেল (b) 7 ডিগ্রি চ্যানেল (c) 8 ডিগ্রি চ্যানেল (d) 9 ডিগ্রি চ্যানেল
20. যদি কোনও দু'টি সংখ্যার যোগফলের 30% তাদের বিয়োগফলের 40% -এর সমান হয় তবে বড় সংখ্যা এবং ছোট সংখ্যার অনুপাত হবে:
(a) 4 : 3 (b) 5 : 2 (c) 7 : 1 (d) 7 : 2
21. একটি কাপড় 80 টাকায় বিক্রয় করায় 25% লাভ হল। কাপড়টির ক্রয়মূল্য কত?
(a) 60 টাকা (b) 62 টাকা (c) 64 টাকা (d) 66 টাকা
22. আঁকা : শিল্পী : কাঠ : ?
(a) আসবাবপত্র (b) বন জঙ্গল (c) আগুন (d) কাঠমিস্ত্রি
23. রাজ্যসভার সভাপতিত্ব কে করেন?
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার
24. Steel Authority of India Limited কত সালে গঠিত হয়?
(a) 1971 (b) 1972 (c) 1973 (d) 1975
25. নিত্যবহ খালগুলির বেশির ভাগ কোথায় দেখা যায়?
(a) দক্ষিণ ভারতে (b) পূর্ব ভারতে (c) পশ্চিম ভারতে (d) উত্তর ভারতে
26. 'The Discovery of India' বইটি কে লিখেছেন?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) জয়প্রকাশ নারায়ণ (d) রাজেন্দ্র প্রসাদ
27. শূন্যস্থানে পদটি বের করুন:
EGI, JLn, OQS : ?
(a) FHI (b) UWZ (c) NVX (d) TVX
28. ভারতীয় চিত্র শিল্পের জনক হলেন:
(a) নন্দলাল বসু (b) গগনেন্দ্রনাথ ঠাকুর (c) যামিনী রায় (d) যামিনী প্রসাদ গাঙ্গুলি
29. নীচের কোন শহরকে 'সিটি অব জয়' বলা হয়?
(a) বেঙ্গালুরু (b) কলকাতা (c) হায়দ্রাবাদ (d) অন্ধ্রপ্রদেশ
30. $\frac{1}{4}$ এবং $\frac{1}{36}$ -এর মধ্যসমানুপাতী কত?
(a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{8}$ (c) $\frac{1}{10}$ (d) $\frac{1}{12}$
31. ভারতের বৃহত্তম লিফট ইরিগেশন প্রকল্পটি কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) হরিয়ানা (c) পাঞ্জাব (d) হিমাচল প্রদেশ
32. ভারতীয় সংবিধানের কোন পার্টে কেবলমাত্র একটি ধারা রয়েছে?
(a) XVII (b) XVIII (c) XIX (d) XX
33. World Trade Organisation (WTO)-এর প্রধান দপ্তর কোথায়?
(a) জেনেভা (b) প্যারিস (c) ওয়াশিংটন (d) নিউইয়র্ক
34. পাবলিক অ্যাকাউন্ট কমিটি তার রিপোর্ট পেশ করে কার কাছে?
(a) লোকসভার অধ্যক্ষের কাছে (b) CAG-এর কাছে (c) রাষ্ট্রপতির কাছে (d) প্রধানমন্ত্রীর কাছে
35. ক্রমান্বয়িক 10%, 20% এবং 30% ছাড়ের সমতুল্য একক ছাড়ের পরিমাণ কত?
(a) 60% (b) 49.6% (c) 40.5% (d) 36%
36. A, B-এর চেয়ে লম্বা এবং C, D-এর চেয়ে লম্বা। যদি B, C-এর চেয়ে বেঁটে না হয় তবে কে সবচেয়ে লম্বা?
(a) B (b) C (c) D (d) A
37. নীচের স্তম্ভ দু'টি পরপর মেলান:
A. বিশ্বনাথন আনন্দ — 1. টেনিস
B. ইয়াসিন মার্চেন্ট — 2. ক্রিকেট
C. সানিয়া মির্জা — 3. স্নুকার
D. বিজয় মার্চেন্ট — 4. দাবা
(a) 1, 3, 2, 4 (b) 4, 3, 1, 2 (c) 3, 4, 1, 2 (d) 4, 2, 1, 3
38. আন্নামালাই পর্বতটি কোন রাজ্যে অবস্থিত?
(a) তেলেঙ্গানা (b) কেরল (c) হিমাচল প্রদেশ (d) মধ্যপ্রদেশ
39. লন টেনিস কোর্টের জন্য খ্যাত 'উইম্বলডন' অবস্থিত:
(a) ওয়াশিংটন ডিসিতে (b) প্যারিসে (c) রোমে (d) লন্ডনে
40. ভারতের প্রথম বায়োমেডিক্যাল উদ্যান কোন রাজ্যে গড়ে উঠতে চলেছে?
(a) কেরল (b) কর্নাটক (c) তামিলনাড়ু (d) মহারাষ্ট্র
41. P, X-এর মা। X, Z-এর স্ত্রী। Y, P-এর ভাই এবং Q, P-এর স্বামী। Q, Z-এর কে হয়?
(a) জামাই (b) শ্বশুর (c) পুত্র (d) পুত্রবধূ
42. TOM = 48, DICK = 27, HARRY = ?
(a) 70 (b) 80 (c) 60 (d) 50
43. নীচের কোনটি আলাদা?
(a) K (b) G (c) M (d) I
44. ভারতের বিখ্যাত চা নিলাম কেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) তেজপুর (b) দার্জিলিং (c) গুয়াহাটি (d) শিলিগুড়ি
45. Money : Wealth-এর সঙ্গে নীচের কোনটি সঙ্গতিপূর্ণ?
(a) Wise : Education (b) Pride : Humanity (c) Pity : Kindness (d) Cruel : Anger
46. ভারতীয়, বাঙালি, বাঙালি ব্রাহ্মণ শব্দগুলি দ্বারা নীচের কোন চিত্রটি সঠিক অনুসরণ করে?


(a) (b) (c) (d)

47. একটি বৃত্তের পরিধি 44 সেমি তাহলে ওই বৃত্তের ক্ষেত্রফল কত?
(a) 154 বর্গসেমি (b) 164 বর্গসেমি (c) 112 বর্গসেমি (d) 120 বর্গসেমি
48. নারী ও পুরুষ উভয়ের ক্ষেত্রে সমান কাজের জন্য সমান বেতন এটি একটি:
(a) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি (b) শ্রমিক আইনের সংবিধিবদ্ধ নীতি (c) মৌলিক অধিকার (d) কোনওটিই নয়
49. 'Beating the Field' কোন বিখ্যাত ক্রিকেটারের আত্মজীবনী?
(a) এম মুস্তাক আলি (b) গ্রেম পোলক (c) শেন ওয়ার্ন (d) ব্রায়ান চার্লস লারা
50. মুজফফর আহমেদ সম্পাদিত পত্রিকাটির নাম কী?
(a) হিন্দু প্যাট্রিয়ট (b) গণবাণী (c) ইনডিপেন্ডেন্ট (d) অমৃতবাজার পত্রিকা
51. 'স্বদেশ বান্ধব সমিতি' কে গঠন করেছিলেন?
(a) অশ্বিনী কুমার দত্ত (b) মহাত্মা গান্ধী (c) গোপালকৃষ্ণ গোখলে (d) নবাব সেলিম উল্লাহ
52. 'আমার ভুবন' চলচ্চিত্রটির পরিচালক কে?
(a) ঋত্বিক ঘটক (b) মৃণাল সেন (c) সত্যজিৎ রায় (d) ঋতুপর্ণ ঘোষ
53. ত্বকের বহিঃরাবরণকে কী বলা হয়?
(a) ডারমিস (b) এপিডারমিস (c) এক্রোডারমিস (d) হাইপোডারমিস
54. পাণ্ডবানী কোন রাজ্যের একটি বিখ্যাত নৃত্য?
(a) মিজোরাম (b) রাজস্থান (c) মধ্যপ্রদেশ (d) হিমাচল প্রদেশ
55. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:

| | | |
|---|---|---|
| 2 | 7 | 4 |
| 5 | 2 | 3 |
| 1 | ? | 6 |
| 10 | 42 | 72 |


(a) 2 (b) 4 (c) 5 (d) 3
56. যদি RESCUE = 372057 এবং PROBLEM = 9348176 হয় তবে PROCURE = ?
(a) 9340357 (b) 9340537 (c) 3840537 (d) 3904537
57. যদি কোনও সংখ্যার 20% এর 15% 15 হয় তবে সংখ্যাটি কত?
(a) 200 (b) 225 (c) 250 (d) 500

এরপর সাতের পাতায়

## সাধারণ মানসিক দক্ষতা

*গত সংখ্যার পর*

12. নীচের কোন ভেনচিত্রটি বাংলাদেশ, ঢাকা ও সুন্দরবন-এর মধ্যে সম্পর্ক নির্দেশ করছে?


(a) (b) (c) (d)

13. যদি কোনও বিশেষ কোডে ACCOUNT = DGGRXQW লেখা হয় তবে INTEREST-এর কোড কী লেখা হবে?
(a) LUQHUHVW (b) LQWHUHVW (c) LQKHUHWV (d) LQKHUHVW
14. নীচের ফাঁকা ঘরে সঠিক সংখ্যাটি বসান।

| | | | |
|---|---|---|---|
| 10 | 80 | 270 | ? |

(a) 340 (b) 440 (c) 540 (d) 640
15. নীচের সিরিজে 9 ও 6 সংখ্যাদু'টির মাঝে কোন সংখ্যাটি বেশিবার এসেছে?
9 5 6 8 9 4 6 7 5 9 5 6 7 9 5 6 5 4 7 9 9 2 6 8 7 9 4 6 5 4 9 3 6 2 9 5 6 7 4 5 9 2 6 5
(a) 3 (b) 2 (c) 5 (d) 4
16. নীচের ছবির মতো সংখ্যা লেখা কাগজটি ভাঁজ করে একটি ঘনক তৈরি করা হলে D-এর বিপরীতে কী থাকবে?

| | | | |
|---|---|---|---|
| | | F | |
| B | D | C | A |
| | | E | |


(a) A (b) F (c) E (d) B
17. নীচের সংখ্যা সারিটি সম্পূর্ণ করুন।
65, 66, 69, 74, 81, ?
(a) 91 (b) 90 (c) 99 (d) 92
18. SOMETHING শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?
(a) TAUGHT (b) SIGHT (c) EIGHT (d) HEIGHT
19. A, B, C, D চারবন্ধু একটি গোল টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে সমান দূরত্বে বসে আছে। A বসেছে D-এর বাঁদিকে। B বসেছে C এবং D -এর মাঝে। তাহলে নীচের কোন তথ্যটি ভুল আছে?
(a) A-র ডানদিকে D বসেছে (b) B-এর ডানদিকে C বসেছে (c) C-এর ডানদিকে B বসেছে (d) D-র ডানদিকে B বসেছে
20. যদি p = +, q = –, s = ÷, t = × হয় তবে 10 p 2 q 2 t 4 s 2 = কত হবে?
(a) 8 (b) 16 (c) 12 (d) 10
21. কোনও বিপরীতমুখী আয়নার ঘড়ির সময় সাড়ে ন'টা হলে আসল সময় কত হবে?
(a) সাড়ে পাঁচটা (b) সাড়ে চারটে (c) আড়াইটে (d) সাড়ে তিনটে

### উত্তর

12(c), 13(b), 14(d), 15(c), 16(a), 17(b), 18(a), 19(c), 20(a), 21(c).

### সমাধান

12(c):




বাংলাদেশের রাজধানী ঢাকা ও সন্দরবন-এর কিছুটা অংশ বাংলাদেশের অন্তর্গত চিত্র (c)-এর মধ্যের সম্পর্ক নির্দেশ করছে।


13(b):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 13(b): | A | C | C | O | U | N | T |
| | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 |
| | D | G | G | R | X | Q | W |

Similarly,

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| I | N | T | E | R | E | S | T |
| ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 |
| L | Q | W | H | U | H | V | W |

14(d): $10 \times 1^2 = 10, 20 \times 2^2 = 80, 30 \times 3^2 = 270$
Same as $40 \times 4^2 = 640$.
15(c): 9 <u>5</u> 6 8 9 4 6 7 5 9 <u>5</u> 6 7 9 <u>5</u> 6 5 4 7 9 9 2 6 8 7 9 4 6 5 4 9 3 6 2 9 <u>5</u> 6 7 4 5 9 2 6 5
∴ সিরিজে 9 ও 6 সংখ্যার মাঝে 5 সংখ্যাটি বেশিবার এসেছে।
16(a): D-এর তৃতীয় বর্ণটি হল A
∴ D-এর বিপরীতে A থাকবে।
17(b): 65 66 69 74 81 90
+1 +3 +5 +7 +9
18(a): TAUGHT শব্দটি লেখা যাবে না কারণ মূল শব্দে U বর্ণটি নেই।
19(c):




C-এর ডানদিকে B বসেছে।
20(a): 10 p 2 q 2 t 4 s 2
$10 + 2 - 2 \times 4 \times 2 = 10 + 2 - 2 \times 2 = 12 - 4 = 8$.
21(c): অতএব, 11 : 60 – 9 : 30 = 2 : 30.

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল

jobindiagroup.com

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## কলকাতা পুলিশে
## সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট
### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

58. মানুষের খুলি কত সংখ্যক হাড় দিয়ে তৈরি?
(a) 14 (b) 26 (c) 15 (d) 22

59. ভারতের কোন রাজ্যকে চিনির বাটি বলা হয়?
(a) উত্তরপ্রদেশ (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) মহারাষ্ট্র

60. 65 মিটার জল মিশ্রিত দুধে, দুধ ও জলের পরিমাণের অনুপাত 10 : 3। ওই মিশ্রণে আর কত লিটার জল মেশালে দুধ ও জলের পরিমাণের অনুপাত 8 : 5 হবে?
(a) $\frac{1}{4}$ লিটার (b) 17 লিটার (c) $16\frac{1}{4}$ লিটার (d) 16 লিটার

61. নীচের শব্দগুলিকে অর্থবহ ক্রমানুসারে সাজান:
i. Consultation ii. Illness iii. Doctor iv. Treatment v. Recovery
(a) iii, iv, ii, i, v (b) ii, iii, i, iv, v (c) i, iii, iv, v, ii (d) iii, ii, i, iv v

62. $\frac{841}{2025}$ -এর বর্গমূলকে কত দিয়ে গুণ করলে গুণফল 1 হবে?
(a) $\frac{55}{39}$ (b) $\frac{2025}{841}$ (c) $\frac{39}{45}$ (d) $\frac{45}{29}$

63. কত সালে ভারতের পঞ্চবার্ষিক পরিকল্পনা শুরু ও কার্যকরী হয়?
(a) 1955 (b) 1951 (c) 1960 (d) 1965

64. ভুল সংখ্যাটি চিহ্নিত করুন:
56, 72, 90, 110, 132, 150
(a) 56 (b) 90 (c) 110 (d) 150

65. ভারত কোন দিনটিতে বিজয় দিবস পালন করে?
(a) 10 ডিসেম্বর (b) 14 ডিসেম্বর (c) 16 ডিসেম্বর (d) 18 ডিসেম্বর

66. লোকসভার অনাস্থা প্রস্তাব পেশ করতে হলে, কজন সদস্যের সমর্থন প্রয়োজন?
(a) 50 (b) 65 (c) 55 (d) 60

67. $\sqrt{165-\sqrt{11-\sqrt{25}}} = ?$
(a) 14 (b) 13 (c) 11 (d) 15

68. বার্ষিক 12% সরল সুদের হারে কতদিনে 150 টাকা সুদে মূলে 222 টাকা হবে?
(a) 5 বছরে (b) 6 বছরে (c) 4 বছরে (d) 8 বছরে

69. যদি (A – B) মানে A, B -এর মা, (A – B) মানে A, B-এর ভাই, (A × B) মানে A, B-এর ভগিনী হয় তবে:
P – M ÷ N × Q -এর মানে?
(a) P, Q-এর মামা (b) P, Q-এর ভাই (c) P, Q-এর ভাগনে (d) কোনওটিই নয়

70. অষ্টমুদি হ্রদ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মণিপুর (b) কেরল (c) গুজরাট (d) অন্ধ্রপ্রদেশ

71. ইয়াগো চরিত্রটি শেক্সপিয়ারের কোন নাটকে আছে?
(a) ওথেলো (b) রোমিও জুলিয়েট (c) ম্যাকবেথ (d) দ্য মার্চেন্ট অব ভেনিস

72. নীচের লেখার সিরিজে এমন কতগুলি R আছে যার আগে 'M' এবং ঠিক পরে K আছে?
N P K R M D C N M R K P Q K R N M R K R M K P R M
(a) চার (b) পাঁচ (c) তিন (d) দুই

73. পাঁচটি মেয়ে M, N, O, P এবং Q সারিবদ্ধভাবে দাঁড়িয়ে আছে। P, Q-এর ডানদিকে N, Q-এর বাঁদিকে কিন্তু M-এর ডানদিকে দাঁড়িয়ে আছে। O -এর বাঁদিকে P আছে, ডানদিকে সব থেকে প্রথমে কে দাঁড়িয়ে আছে?
(a) O (b) Q (c) N (d) P

74. শচিন তেন্ডুলকর 11টি ইনিংসের একটি নির্দিষ্ট রান রয়েছে, 12তম ইনিংসে তিনি 120 রান করেছেন এবং তার গড় রান 5 বৃদ্ধি পেয়েছে, তার নতুন গড় কত?
(a) 62 (b) 66 (c) 60 (d) 65

75. নীচের কোন গ্রন্থটি মাইকেল মধুসুদন দত্তের রচনা নয়?
(a) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ (b) একেই কি বলে সভ্যতা? (c) মেবার পতন (d) বীরাঙ্গনা

76. নীচের কোন উৎসেচক প্রোটিন হিসাবে কাজ করে?
(a) টায়ালিন (b) ল্যাকটোজ (c) ট্রিপসিন (d) লাইপেজ

77. বিন্দুসার কোন প্রদেশে বিদ্রোহ দমন করতে অশোককে পাঠিয়েছিলেন?
(a) স্বর্ণগিরি (b) তক্ষশীলা (c) উজ্জয়িনী (d) তোশাইল

78. কোন প্রাণীর চোখে পেকটিন থাকে?
(a) পায়রা (b) মাছ (c) বিড়াল (d) পেঁচা

79. নীচের নামগুলির মধ্যে কোনটি আলাদা?
(a) জাপান (b) শ্রীলঙ্কা (c) ভারতবর্ষ (d) নিউজিল্যান্ড

80. ম্যাক মিটার যন্ত্রের দ্বারা কী মাপা হয়?
(a) সমুদ্রের গভীরতা (b) জাহাজের গতি (c) বিমানের গতি (d) বিভব পার্থক্য

81. বাবার বয়স মেয়ের চারগুণ। যদি 5 বছর পরে তার বয়স মেয়ের বয়সের তিনগুণ হয়, তবে আরও 5 বছর পরে তিনি তার মেয়ের বয়সের কতগুণ হবেন?
(a) 2 গুণ (b) 3 গুণ (c) 1.5 গুণ (d) 2.5 গুণ

82. কোনও পরীক্ষায় 52% পরীক্ষার্থী ইংরেজিতে 42% অঙ্কে এবং উভয় বিষয়ে 17% ফেল করেছে। তাহলে শতকরা কতজন উভয় বিষয়ে পাশ করেছে?
(a) 20% (b) 21% (c) 22% (d) 23%

83. 6.20 টাকা প্রতি কিলোগ্রাম চাল ও 7.20 টাকা প্রতি কিলোগ্রাম চাল মেশানো হল। কী অনুপাতে মেশালে চালের মূল্য 6.50 টাকা প্রতি কিলোগ্রাম হবে?
(a) 3 : 4 (b) 5 : 4 (c) 7 : 3 (d) 9 : 5

84. যদি A : B = 2 : 3, B : C = 5 : 7 এবং C : D = 3 : 10 হয় তাহলে A : D = ?
(a) 1 : 7 (b) 2 : 7 (c) 1 : 5 (d) 5 : 1

85. দু'টি সংখ্যার ল.সা.গু. 44 ও গ.সা.গু. 11। একটি সংখ্যা 11 হলে অপরটি কত?
(a) 33 (b) 44 (c) 26 (d) 1

86. FALLACIOUS শব্দটি থেকে নীচের কোন শব্দ গঠন করা যাবে না?
(a) FAILS (b) FALLS (c) FILLS (d) FILES

87. পুস্টার শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) ব্যাডমিন্টন (c) হকি (d) ঘোড়দৌড়

88. 300 এবং 500 এর মধ্যে সেই সংখ্যাটি খুঁজুন যেটি 8, 10 এবং 12 দ্বারা বিভাজ্য?
(a) 360 (b) 320 (c) 340 (d) 490


89. একটি 473 মিটার দীর্ঘ সেতুর প্রান্তে অবস্থিত একটি সিগনাল পেরোতে একটি ট্রেনের 21 সেকেন্ড সময় লাগে। যদি ট্রেনটি সেতু পেরোতে 64 সেকেন্ড সময় নেয়, তাহলে ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 231 (b) 241 (c) 251 (d) 261

90. কিছু পরিমাণ খাদ্য 24 জন লোকের 20 দিন চলে। ওই পরিমাণ খাদ্যে 40 জন লোকের কত দিন চলবে?
(a) 19 (b) 20 (c) 25 (d) 12

91. $\sqrt{625}+\sqrt{6.25}+\sqrt{0.0625} = ?$
(a) 27.75 (b) 27.25 (c) 27 (d) 27.50

92. আধুনিক নার্সিং-এর জন্মদাত্রী কে?
(a) ফ্লোরেন্স নাইটিঙ্গেল (b) মাদার টেরিজা (c) মেরি স্টোপস (d) এঁদের কেউই নন

93. সত্যজিৎ রায়ের চারুলতা ছবিটি কোন রবীন্দ্র কাহিনী অবলম্বনে নির্মিত?
(a) চোখের বালি (b) ঘরে বাইরে (c) নষ্টনীড় (d) চতুরঙ্গ


94.


(a) 17 (b) 37 (d) 29 (d) 19

95. 6700 -এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 24 (b) 32 (c) 40 (d) 48

96. সরল করুন: $9\frac{1}{2} \div \cfrac{1}{2+\cfrac{2}{3-\cfrac{3}{4+\cfrac{4}{5}}}}$
(a) 27 (b) 23 (c) $\frac{19}{23}$ (d) $\frac{19}{27}$

97. পশ্চিমবঙ্গের কোন জেলায় রাজা রামমোহন রায় জন্মগ্রহণ করেন?
(a) হুগলি (b) নদিয়া (c) বর্ধমান (d) মুর্শিদাবাদ

98. কোন সংখ্যাটি (?) চিহ্নিত স্থানে বসবে?


(a) 20 (b) 25 (c) 22 (d) 28

99. মোটর গাড়ির চাকা 440 মিটার চলতে 1000 বার ঘুরতে হয়। চাকার ব্যাস হল (মিটার):
(a) 0.34 (b) 0.14 (c) 0.44 (d) 0.24

100. পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য সামগ্রিক নম্বরের 40% পাওয়া প্রয়োজন। একজন ছাত্র 265 নম্বর পেয়েও সে 55 নম্বর কম পাওয়ার জন্য অনুত্তীর্ণ হয়েছে। উক্ত পরীক্ষায় মোট নম্বর কত?
(a) 750 (b) 550 (c) 800 (d) 650

### উত্তর

1(a), 2(d), 3(c), 4(b), 5(b), 6(a), 7(d), 8(b), 9(b), 10(c), 11(c), 12(c), 13(d), 14(a), 15(c), 16(b), 17(b), 18(b), 19(d), 20(c), 21(c), 22(d), 23(b), 24(c), 25(d), 26(a), 27(d), 28(a), 29(b), 30(d), 31(d), 32(d), 33(a), 34(a), 35(b), 36(d), 37(b), 38(b), 39(d), 40(a), 41(b), 42(a), 43(d), 44(d), 45(c), 46(b), 47(a), 48(a), 49(d), 50(b), 51(a), 52(a), 53(b), 54(c), 55(d), 56(b), 57(d), 58(d), 59(a), 60(c), 61(b), 62(d), 63(b), 64(d), 65(c), 66(a), 67(b), 68(c), 69(a), 70(b), 71(a), 72(d), 73(a), 74(d), 75(c), 76(c), 77(c), 78(a), 79(d), 80(c), 81(d), 82(d), 83(c), 84(a), 85(b), 86(d), 87(d), 88(a), 89(a), 90(d), 91(a), 92(a), 93(c), 94(d), 95(a), 96(a), 97(a), 98(b), 99(b), 100(c).

### সমাধান

3(c): (A + B) 1 দিনে করে $= \left(\frac{1}{35}+\frac{1}{14}\right)$ অংশ $= \frac{7}{70}$ অংশ $= \frac{1}{10}$ অংশ

∴ (A + B) 5 দিনে করে $= \frac{1}{10} \times 5 = \frac{1}{2}$ অংশ

∴ বাকি থাকবে $= \left(1-\frac{1}{2}\right)$ অংশ $= \frac{1}{2}$ অংশ।

10(c): Seed → Root → Stem → Flower → Crop.

11(c):
D B C E A
[22] → 66 → 198 → 594
× 3 × 3 × 3

12(c): পাঁচটি সংখ্যা হবে = x, x + 1, x + 2, x + 3, x + 4
x + x + 1 + x + 2 + x + 3 + x + 4 = 79 × 5, x = 77
∴ ক্ষুদ্রতম সংখ্যা = 77 ∴ বৃহত্তম সংখ্যা = x + 4 = 77 + 4 = 81
∴ পার্থক্য = 81 – 77 = 4.

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

## কলকাতা পুলিশে
## সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট
### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

77(a): colour of sky হল blue এবং এই সাংকেতিক ভাষায় blue হল rain.

78(b):
[2] 7 4 ⇒ [কার্পেটটি] বিছানো [হল]
[2] 5 6 ⇒ [কার্পেটটি] ধুলো ঝাড়া
[2] 3 4 ⇒ [কার্পেটটি] মুড়িয়ে ফেলা [হল]

79(b):
T E A C H E R → Z Y X D O Y K
R A I L → K X Q M
∴ C H A I R → D O X Q K

80(a): $(11^3 - 11) = 1320$, $(13^3 - 13) = 2184$.

81(c): দেওয়া শব্দটিকে rearrange করলে SERVICE হবে।
এই শব্দটির ডানদিক থেকে পঞ্চম অক্ষরটি হবে R।


82(d): শব্দগুলিকে ডিকশনারি অর্ডার-এ সাজালে হবে— Ruffle → Rugby → Rugged → Rummage → Rural.

83(c): 9, 9 × 9 = 81, 81 + 9 = 90, 90 × 9 = 810
810 + 9 = 819, 819 × 9 = 7371.

84(a): 1890 ÷ 1 = 1890, 1890 ÷ 3 = 630, 630 ÷ 5 = 126
126 ÷ 7 = 18, 18 ÷ 9 = 2.

85(a): 45 × 2 = 90, 90 × 3 = 270, 270 × 4 = 1080
39 × 2 = 78, 78 × 3 = 234, 234 × 4 = 936
56 × 2 = 112, 112 × 3 = 336, 336 × 4 = 1344.

86(b): mn o o/m n oo/m n oo/ m noo.

87(a):


Y, Z যদি P -এর পুত্র হয় তবে X হল P -এর পুত্রবধূ, P হল X-এর শ্বশুর।

88(a): 162 : (1 + 6 + 2) = 9
310 : (3 + 1 + 0) = 4.

89(b): 731 : 902 :: 655 : 645
7 + 3 + 1 = 11 9 + 0 + 2 = 11 6+5 +5 = 16 6 + 4 + 6 = 10

90(d):
BARK → 03⑦5
DIRT → 49⑦2
WAGE → 4086
RISK → ⑦518
R-র কোড হবে 7.

91(d): B : $(2)^4$ = B : 16
D : $(4)^4$ = D : 256

92(c): Nask বলতে গুপ্তচরকে বোঝায় অর্থাৎ SPY সেরক Shyster বলতে আইনজ্ঞ বোঝায় অর্থাৎ Lawyer.

93(a):
2 ⑤ ③ (books) are (old)
⑤ 4 6 man is (old)
③ 7 8 buy good (books)
books-র কোড 3, old-র কোড 5
∴ are-র কোড হবে 2।

94(b): $\frac{2640}{11} = 240$, $\frac{4270}{11} = 388.18$
$\frac{5720}{11} = 520$, $\frac{6710}{11} = 610$

95(d): (20 + 25) ÷ 3 = 15, (20 + 7) ÷ 3 = 9
(7 + 29) ÷ 3 = 12, (25 + 29) ÷ 3 = 18.

96(b): 3/1/1990 সাল থেকে 3/8/1990 সাল পর্যন্ত মোট দিন 28 + 28 + 31 + 30 + 31 + 30 + 31 + 3 = 212 দিন → 2টি odd day
∴ সোমবার + 2 = বুধবার।

97(c): 4 – 4 → 4 × 4 + 1 = 17, 6 – 6 → 6 × 6 + 1 = 37
2 – 2 → 2 × 2 + 1 = 5, 5 – 5 → 5 × 5 + 1 = 26

(98 to 100):

| | |
|---|---|
| 8 | Q |
| 7 | G |
| 6 | R |
| 5 | F |
| 4 | S |
| 3 | H |
| 2 | B |
| 1 | P |

98(a): F 99(b): G 100(c): 3 জন।

প্রস্তুত করেছেন: ঋষি মুখার্জি

jobinfogroup.com

# কী পড়বেন, কোথায় পড়বেন

## রাজ্যের তফসিলি ও আদিবাসী মহিলাদের বিউটিশিয়ান কোর্সের প্রশিক্ষণ



তফসিলি জাতি ও আদিবাসী মহিলাদের বিউটিশিয়ান কোর্সের প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম। প্রশিক্ষণটির আয়োজনে ইডেন ইন্টিগ্রেটেড ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট লিমিটেড ও ফ্রেন্ডস বিউটি অ্যাকাডেমি।

প্রশিক্ষণ দেওয়া হবে এইসব কেন্দ্রে: শিলিগুড়ি, মালবাজার, কোচবিহার সদর, আলিপুরদুয়ার সদর, বারুইপুর, জয়নগর, রাজারহাট, খড়্গপুর, ঝাড়গ্রাম, এবং বোলপুর।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক। পূর্ব প্রশিক্ষণপ্রাপ্তরা অগ্রাধিকার পাবেন।
**বয়স:** ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থীদের অবশ্যই কাস্ট সার্টিফিকেট বা জাতিগত শংসাপত্র থাকতে হবে।

প্রশিক্ষণ শেষে সব সফল প্রার্থীদের প্রয়োজনীয় রূপসজ্জার সরঞ্জাম দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbbcdev.gov.in আবেদনের শেষ তারিখ ২০ নভেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৮১০০১০৭৯৩১/৩৩/৩৪/৩৫।

## ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি



ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে গুরগাঁয়ের সেন্ট্রাল বোর্ড অব ইরিগেশন অ্যান্ড পাওয়ার। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রক কর্তৃক অনুমোদিত একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২৬ সপ্তাহ। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

**আসনসংখ্যা:** ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় ব্যাচেলর্স ডিগ্রি।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মেধাতালিকা প্রকাশিত হবে ২৯ ডিসেম্বর।

আবেদনের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cbip.org

## উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



এগ্রিকালচার ও হর্টিকালচারের বিভিন্ন শাখায় এম এসসি ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর: UBKV/PG/01/2021.

**বিষয় অনুসারে আসনবিন্যাস: এগ্রিকালচার:** এগ্রিকালচারাল ইকনমিক্স: ১০টি, এগ্রিকালচারাল এন্টোমোলজি: ১০টি, এগ্রিকালচারাল এক্সটেনশন: ১০টি, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স: ১০টি, অ্যাগ্রনমি: ১০টি, বায়োকেমিস্ট্রি: ৮টি, জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং: ১০টি, প্লান্ট প্যাথোলজি: ১০টি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি: ৮টি, সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রি: ১০টি।

**হর্টিকালচার:** ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপ আর্কিটেকচার: ৬টি, ফরেস্ট্রি: ৮টি, ফ্রুট সায়েন্স: ৬টি, প্লান্টেশন, স্পাইসেস, মেডিশিনাল অ্যান্ড অ্যারোম্যাটিক ক্রপস: ৮টি, পোস্ট-হার্ভেস্ট টেকনোলজি: ৪টি, ভেজিটেবল সায়েন্স: ১০টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচার বা হর্টিকালচার বা ফরেস্ট্রির ৪ বছরের ডিগ্রি কোর্স পাশ। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। পাশাপাশি, প্রার্থীকে উচ্চমাধ্যমিকে অবশ্যই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২১ তারিখ অন্তত ২১ বছরের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ubkv.ac.in আবেদনের শেষ তারিখ ১৮ নভেম্বর।

### অনলাইনে আপলোড করতে হবে

- ✓ প্রার্থীর সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালির সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে জন্মশংসাপত্র বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (সবকটিই ২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এস টি এফ সি ইন্ডিয়া মেরিটোরিয়াস স্কলারশিপ প্রোগ্রাম ২০২১

বাণিজ্যিক যান চালকদের ছেলেমেয়েদের স্কলারশিপ দেবে শ্রীরাম ট্রান্সপোর্ট ফিনান্স কম্পানি। ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক বা স্নাতক কোর্সে বা পলিটেকনিক বা আই টি আই বা ডিপ্লোমা কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** আই টি আই বা পলিটেকনিক বা ডিপ্লোমা কোর্সে পাঠরতরা পাবেন ১৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ১ বছর। স্নাতক বা ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সে পাঠরতরা পাবেন বছর প্রতি ৩৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৪ বছর।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/SIMD4 আবেদনের শেষ তারিখ ১৫ নভেম্বর।

### কোটাক শিক্ষা নিধি

কোভিড-১৯ মহামারিতে পিতা বা মাতা বা উভয়ের মৃত্যু অথবা পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। প্রথম শ্রেণি থেকে ডিপ্লোমা বা স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন।

**বয়স:** ৬ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/KSFA1 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

### ডিজিটাল ভারতী কোভিড স্কলারশিপ ২০২১-২২

২০২০-র জানুয়ারির পর কোভিড-১৯ মহামারিতে পিতা বা মাতা বা উভয়ের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ডিজিটাল ভারতী। প্রথম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরতরা আবেদন করতে পারেন।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/DBCS1 আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

### এরিকসন এমপাওয়ারিং গার্ল স্কলারশিপ প্রোগ্রাম ২০২১

আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দেবে এরিকসন। ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্সের দ্বিতীয় বর্ষে পাঠরত অথবা এম বি এ কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬.৫ সি জি পি এ স্কোর করে থাকতে হবে।।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৭৫,০০০ টাকা।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/EEGS2 আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# এয়ারফোর্সে গ্রুপ 'সি'

*তিনের পাতার পর*

ফাইটিং কোর্স করে থাকলে অগ্রাধিকার।

**দৈহিক মাপজোক:** শুধুমাত্র ফায়ারম্যান পদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ ও ৮৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি হতে হবে।

**বয়স:** ২৮-১১-২০২১ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পদ অনুসারে ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে প্রশ্ন। ফায়ারম্যান পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬৩.৫ কেজি ওজনের বস্তু বা একজন মানুষকে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার বয়ে নিয়ে যাওয়া, দু'পায়ে লাফিয়ে ২.৭ মিটারের পরিখা অতিক্রম (লং জাম্প) ও হাত-পায়ের সাহায্যে দড়ি ধরে ৩ মিটার ওঠা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ চার কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে দু'টি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্ত ও অ্যাকনলেজমেন্ট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। বাকি দু'টি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ নিজের নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো একটি খাম।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ___ AND CATEGORY ___ AGAINST ADVERTISEMENT NO. 05/2021/DR' শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন। ২৮ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে-ইউনিটের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

# গুয়াহাটি এইমসে ১৬২

*প্রথম পাতার পর*

গ্যাসট্রোয়েন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড এমারজেন্সি মেডিসিন এবং ইউরোলজি।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ৩১টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **অ্যাডিশনাল প্রফেসর:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **অ্যাসোসিয়েট প্রফেসর:** ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ৭৪টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৮)।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২১-১১-২০২১ তারিখে প্রফেসর ও অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছরের মধ্যে এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://aiimsbhubaneswar.nic.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ নভেম্বর। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করার পর এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ৫ ডিসেম্বরের মধ্যে পাঠাতে হবে এই ঠিকানায়: The Assistant Administrative Officer, Recruitment Cell, All India Institute of Medical Sciences, Bhubaneswar, Sijua, Dumuduma, Bhubaneswar-751019.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০৬৭৪-২৪৭৬২৫৫ (দুপুর আড়াইটে থেকে বিকেল ৫টার মধ্যে)।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in